# ব্যবসায় উদ্যোগ

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 3

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. পরিবহণ পণ্যের কোন ধরনের প্রতিবন্ধকতা দূর করে?**
ক সময়গত খ স্বত্বগত গ স্থানগত ঘ প্রচারগত

**২. সমুদ্র হতে ঝিনুক সংগ্রহ কোন শিল্পর অন্তর্গত?**
ক প্রজনন খ নিষ্কাশন গ নির্মাণ ঘ উৎপাদন

**৩. বাংলাদেশে কত সালের ট্রেডমার্ক আইন প্রচলিত?**
ক ২০০৫ খ ২০০৯ গ ২০১৯ ঘ ২০১১

**৪. যে-কোনো কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে?**
ক ব্যবসায় খ উদ্যোগ গ ব্যবসায় উদ্যোগ ঘ শিল্প

☐ **উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
ডায়মন্ড টেক্সটাইল লি. একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি প্রতিবছর তাদের অর্জিত মুনাফার একটি অংশ দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য ব্যয় করে থাকে। তাছাড়া প্রতিষ্ঠানটির পরিবেশবান্ধব কর্মকাণ্ড বিশেষভাবে লক্ষণীয়।

**৫. উদ্দীপকের প্রতিষ্ঠানটির কর্মকাণ্ড নিচের কোনটির অন্তর্গত?**
ক ব্যবসায় মূল্যবোধ খ সহায়ক সেবা
গ ব্যবসায় নৈতিকতা ঘ সামাজিক দায়বদ্ধতা

**৬. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটি এরূপ কার্যক্রম গ্রহণের ফলে–**
i. সুনাম বৃদ্ধি পায় ii. ব্যবসায় সম্প্রসারণের সুযোগ বৃদ্ধি পায়
iii. ব্যয় বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. নিচের কোন প্রতিষ্ঠানটি বাংলাদেশের পণ্যের মান নিয়ন্ত্রণ করে থাকে?**
ক বিএসটিআই খ বিআইএম
গ বিসিক ঘ বাণিজ্য মন্ত্রণালয়

**৮. বর্তমানে কত সালে আইন অনুযায়ী সমবায় সমিতি গঠিত ও পরিচালিত হয়?**
ক ১৯৩২ সালের খ ১৯৯৪ সালের গ ২০০১ সালের ঘ ২০০৪ সালের

**৯. কপিরাইট আইনের অন্তর্ভুক্ত হলো–**
i. গল্প, প্রবন্ধ, কবিতা ii. মিউজিক কম্পোজিশন iii. চলচ্চিত্র
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১০. কোন ব্যবসায়টি জনকল্যাণের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত?**
ক অংশীদারি ব্যবসায় খ সমবায় সমিতি
গ একমালিকানা ব্যবসায় ঘ রাষ্ট্রীয় ব্যবসায়

**১১. কোন দলিলে কোম্পানির অভ্যন্তরীণ কাজ পরিচালনার নিয়ম-নীতি লেখা থাকে?**
ক চুক্তিপত্রে খ নিবন্ধনপত্রে
গ পরিমেল নিয়মাবলিতে ঘ স্মারকলিপিতে

**১২. বিসিক-এর প্রধান কাজ কোনটি?**
ক বিনিয়োগ পরামর্শ দান খ ঋণদান
গ প্রশিক্ষণ দান ঘ কর অবকাশ

**১৩. কর অবকাশ কোন ধরনের সহায়তার অন্তর্ভুক্ত?**
ক উদ্দীপকমূলক খ সমর্থনমূলক গ সংরক্ষণমূলক ঘ পরামর্শমূলক

☐ **উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মুনতাহা যুব উন্নয়ন অধিদপ্তরের একটি ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে বেসিক ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে নারায়ণগঞ্জের একটি পোশাক তৈরির কারখানা গড়ে তোলেন। তার কারখানায় বর্তমানে ৩০ জন নারী-পুরুষ কর্মরত আছেন।

**১৪. উদ্দীপকে মুনতাহার পোশাক তৈরির কারখানাকে কী বলা হয়?**
ক উদ্যোগ খ ব্যবসায় উদ্যোগ
গ আত্মকর্মসংস্থান ঘ শিল্প

**১৫. উদ্দীপকে মুনহাতার কর্মকাণ্ডের ফলে–**
i. বেকারত্ব দূর হয়েছে ii. সম্পদের সদ্ব্যবহার হয়েছে
iii. দক্ষ জনসম্পদ তৈরি হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৬. ক্রেতাদের দৃষ্টিভঙ্গি ও আগ্রহ মাইক্রোস্ক্রিনিং এর কোন উপাদানের অন্তর্গত?**
ক কারিগরি দিক খ আর্থিক দিক
গ বাণিজ্যিক দিক ঘ বাজার চাহিদা

**১৭. প্রাক্কলিত নগদ বিবরণী সংরক্ষণ করা যায়–**
i. দৈনিক ভিত্তিতে ii. সাপ্তাহিক ভিত্তিতে iii. বাৎসরিক ভিত্তিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. জনাব সামির একটি অটোমোবাইল সার্ভিসিং-এর মালিক। তার প্রতিষ্ঠানটি নিচের কোন ধরনের শিল্পের অন্তর্গত?**
ক উৎপাদনমুখী খ সেবা গ নির্মাণ ঘ কুটির শিল্প

**১৯. ২০১০ সালের শিল্পনীতিতে চট্টগ্রাম বিভাগের উন্নত জেলা কোনটি?**
ক ফেনী খ বান্দরবান গ রাঙামাটি ঘ খাগড়াছড়ি

**২০. উৎপাদনমুখী বৃহৎ শিল্পে নিয়োজিত শ্রমিক সংখ্যা কত?**
ক ১০০ জনের অধিক খ ১৫০ জনের অধিক
গ ২০০ জনের অধিক ঘ ২৫০ জনের অধিক

**২১. আখিতারা ফার্নিচার্স এর বর্তমান শাখা কয়টি?**
ক ৩টি খ ৪টি গ ৫টি ঘ ৬টি

**২২. কোন ধরনের নেতৃত্বের মাধ্যমে কর্মীরা প্রশ্ন করে জানার সুযোগ পায়?**
ক স্বৈরতান্ত্রিক খ গণতান্ত্রিক গ আমলাতান্ত্রিক ঘ মুক্ত

**২৩. দেশের শিল্প উন্নয়নের জন্য কোন ব্যাংক স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ দিয়ে থাকে?**
ক গ্রামীণ খ কেন্দ্রীয় গ ডিবিবিএল ঘ সোনালী

☐ **উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বোরহান প্লাস্টিক পণ্যদ্রব্য উৎপাদনকারী একটি প্রতিষ্ঠানের মালিক। তিনি প্রতিষ্ঠানের কোন কাজের জন্য কে উপযুক্ত তা বাছাই করে দায়িত্ব বণ্টন করেন। তাই তার প্রতিষ্ঠানের উৎপাদন ও মুনাফার পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। এ বছর তিনি কর্মরতদের অর্জিত মুনাফার ১৫% প্রদানের সিদ্ধান্ত নেন।

**২৪. উদ্দীপকে জনাব বোরহানের অর্জিত মুনাফার ১৫% প্রদানের সিদ্ধান্ত ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্গত?**
ক পরিকল্পনা খ নির্দেশনা গ প্রেরণা ঘ সমন্বয়সাধন

**২৫. জনাব বোরহানের এই সিদ্ধান্তের ফলে প্রতিষ্ঠানের–**
i. কর্মীদের আগ্রহ বৃদ্ধি পায় ii. মানসম্মত কাজ সম্পাদন হয়
iii. ঐক্যবদ্ধভাবে কাজ সম্পাদন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. ব্যবস্থাপনার বৈশিষ্ট্য হলো–**
i. এটি লক্ষ্যকেন্দ্রিক ii. এটি একটি প্রক্রিয়া iii. একটি চলমান প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৭. রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড প্রদান করে নিচের কোন প্রতিষ্ঠান?**
ক স্কয়ার গ্রুপ খ আজাদ প্রোডাক্টস
গ বসুন্ধরা গ্রুপ ঘ নাভানা লি.

**২৮. প্রতিষ্ঠানের সুনাম বাড়ার ফলে–**
i. পণ্যের মূল্য বৃদ্ধি পায় ii. পণ্যের বাজার সম্প্রসারিত হয়
iii. ব্যবসায়ের প্রসার বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৯. জেন্ডার সচেতনতা বিক্রয়কর্মীর কোন ধরনের গুণ?**
ক শারীরিক খ মানসিক গ নৈতিক ঘ অন্যান্য

**৩০. আবেগতাড়িত হয়ে কোনটি করা উচিত নয়?**
ক পণ্য নির্বাচন খ কর্মী নিয়োগ
গ প্রযুক্তির ব্যবহার ঘ মূলধন সংগ্রহ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) বিষয় কোড 1 4 3

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব কাজল বিগত বছর থেকে রঙিন মাছ চাষ শুরু করেন। শৌখিন পণ্য হিসেবে মানুষের কাছে দিন দিন রঙিন মাছের চাহিদা বাড়ছে। রঙিন মাছ তিনি বিভিন্ন ব্যবসায়ীদের কাছে বিক্রয় করে ভালো মুনাফা অর্জন করছেন। চাহিদার কারণে তিনি তার ব্যবসায় বাড়াতে চান। কিন্তু এজন্য তার যথেষ্ট সক্ষমতা নেই।
- ক. বাণিজ্য কী? ১
- খ. বিমা কীসের বাধা দূর করে? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব কাজলের কাজটি কোন ধরনের শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩
- ঘ. জনাব কাজলের সমস্যা সমাধানে তোমার মতামত যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

২। সেতু, প্রতিভা ও অনন্যা সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় শুরু করেন। প্রতিভা ব্যবসায় পরিচালনায় অংশ নেবেন না এবং বিনিয়োগের অতিরিক্ত দায়ও নেবেন না। সেতু ও প্রতিভার মধ্যে মনোমালিন্য দেখা দিলে সেতু ব্যবসায়ে থাকবে না বলে লিখিতভাবে জানিয়ে দেন।
- ক. মালিকানার ভিত্তিতে ব্যবসায় কত ধরনের ও কী কী? ১
- খ. সমবায়ের গঠনতন্ত্র কোনটি? ব্যাখ্যা করো। ২
- গ. প্রতিভা কোন ধরনের অংশীদার? বর্ণনা করো। ৩
- ঘ. উদ্দীপকের অবস্থা অনুযায়ী ব্যবসায় টিকিয়ে রাখা যাবে কি? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৩। রাতুল ইউনিক ফুড নামে একটি নিত্যপ্রয়োজনীয় পণ্যের ব্যবসায় শুরু করেন। তিনি তার শপের পণ্যের প্যাকেটে সবুজ রঙের একটি পাতার চিহ্ন ব্যবহার করেন। সম্প্রতি তার এলাকার অন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠানও তাদের বিভিন্ন পণ্যে একই পাতার চিহ্ন ব্যবহার করে পণ্য বিক্রয় করছে। এতে রাতুলের বিক্রয়ের পরিমাণ কমে যাচ্ছে। এ অবস্থায় রাতুল আদালতের শরণাপন্ন হয়েও কোনো প্রতিকার পাননি।
- ক. ফ্রানসাইজিং কী? ১
- খ. উৎপাদিত পণ্যের মান নিয়ন্ত্রণে সহযোগিতা প্রদানকারী প্রতিষ্ঠান কোনটি? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে রাতুলের ব্যবহৃত সবুজ রঙের পাতার চিহ্নকে কী বলে? বর্ণনা করো। ৩
- ঘ. উদ্দীপকে রাতুল কেন আইনগত প্রতিকার পাননি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৪। জনাব জুয়েল তার এলাকা থেকে ঘি, সরিষার তেল, মধুসহ বিভিন্ন পণ্যসামগ্রী সংগ্রহ করে নিজ প্রতিষ্ঠানে পণ্যের গুণাগুণ অনুযায়ী সাজিয়ে বিক্রয় করেন। তার কাজে সহযোগিতা করার জন্য একজন বিক্রয়কর্মী নিয়োগ দিয়েছেন। তিনি সদালাপী, বিনয়ী, নারী-পুরুষভেদে সচেতনতার সাথে আচরণ করেন।
- ক. বণ্টন প্রণালি কী? ১
- খ. বিপণন কীভাবে বেকারত্ব দূরীকরণে ভূমিকা রাখে? ব্যাখ্য করো। ২
- গ. উদ্দীপকে জনাব জুয়েল পণ্য বিক্রয়ে বিপণনের কোন কাজ সম্পন্ন করেন? বর্ণনা করো। ৩
- ঘ. তুমি কি মনে করো জনাব জুয়েল উপযুক্ত বিক্রয়কর্মী নিয়োগ দিয়েছেন? আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির আলোকে মূল্যায়ন করো। ৪

৫। এবিসি লি. এর ব্যবস্থাপনা পরিচালক জামিল সিদ্ধান্ত গ্রহণে অধস্তনদের মতামতকে গুরুত্ব দেন না। তিনি যে নির্দেশ দেন তা পালনে কর্মীদের বাধ্য করেন। এর ফলে কর্মীদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পায়। এছাড়াও কর্মীদের মধ্যে প্রতিষ্ঠান ছেড়ে যাওয়ার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে।
- ক. জেন্ডার সচেতনতা কী? ১
- খ. সরকারি পৃষ্ঠপোষকতা বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে জামিল কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করেছেন? বর্ণনা করো। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে কোন ধরনের নেতৃত্ব অধিক যৌক্তিক বলে তুমি মনে করো। যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৬। মি. আকাশ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে গবাদিপশু পালন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। এখন তিনি নিজে তার এলাকায় একটি গবাদিপশু পালন খামার স্থাপনের চিন্তাভাবনা করেছেন। কিছু ঝুঁকির কথা চিন্তা করে অগ্রসর হতে পারছিলেন না। পরবর্তীতে তিনি তার এক প্রবাসী বন্ধুর কাছ থেকে আর্থিক সহায়তা পেয়ে 'ন্যাচার ফার্ম' নামে একটি খামার প্রতিষ্ঠা করেন।
- ক. বিসিক কী? ১
- খ. শুধু নারীদের কর্মসংস্থানে উদ্বুদ্ধকরণে সরকারি সংস্থাটির কার্যক্রম ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে মি. আকাশ প্রথমে কোন সহায়তা পেয়ে গবাদিপশু পালন খামার প্রতিষ্ঠা করতে আগ্রহী হয়? বর্ণনা করো। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত মি. আকাশের 'ন্যাচার ফার্ম' স্থাপনে প্রবাসী বন্ধুর ভূমিকা মূল্যায়ন করো। ৪

৭। সিলেটের মিসেস রূপসা তার পরিবারের সদস্যদের নিয়ে বাঁশ ও বেত দিয়ে বিভিন্ন ধরনের শোপিস, ফুলদানি তৈরি করেন এবং নিজের দোকানেই সেগুলো বিক্রয় করেন। অপরদিকে জনাব আফজাল ১২ কোটি টাকা এবং ১২০জন শ্রমিক নিয়ে নারায়ণগঞ্জের বিসিক শিল্পনগরীতে চামড়ার তৈরি জুতা ও ব্যাগ তৈরির কারখানা স্থাপন করেন। তার তৈরিকৃত পণ্য দেশের চাহিদা মিটিয়ে দেশের বাইরেও রপ্তানি করা হয়।
- ক. নারী উদ্যোক্তা কে? ১
- খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে বর্ণিত মিসেস রূপসার স্থাপিত শিল্পটি বর্ণনা করো। ৩
- ঘ. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে জনাব আফজালের শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

৮। কুয়াকাটার জনাব নাসের দরিদ্রতার কারণে বেশিদূর পড়াশোনা করতে পারেননি। পরবর্তীতে তিনি স্থানীয়ভাবে শামুক ও ঝিনুকের বিভিন্ন সামগ্রী তৈরির প্রশিক্ষণ নেন। সাগরপাড় থেকে নানা আকারের শাসুক ও ঝিনুক সংগ্রহ করে তা দিয়ে তিনি গহনা, শো-পিস ও খেলনা তৈরি করেন। তার তৈরিকৃত সামগ্রী তিনি পর্যটকদের নিকট বিক্রয় করেন। এছাড়াও দেশের বিভিন্ন অঞ্চলের মেলা ও প্রদর্শনীতে পণ্য সরবরাহ করে তিনি মুনাফা অর্জন করছেন।
- ক. ব্যবসায়ে সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কী? ১
- খ. প্রশিক্ষণ কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে জনাব নাসেরের কর্মসংস্থানটি কোন ধরনের? বর্ণনা করো। ৩
- ঘ. উদ্দীপকে ব্যবসায়টির আর্থসামাজিক অবস্থা বিবেচনায় উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৯। মিস সাবিলা জাহান উন্নতমানের বিস্কুট ও কেক উৎপাদন করে বিক্রয়ের জন্য 'এলিগ্যান্ট শপ' নামে একটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিলেন। সিদ্ধান্তটি বাস্তবায়নের জন্য তিনি বাজারে পণ্যটির চাহিদা ও গ্রহণযোগ্যতা যথাযথভাবে নিরূপণের লক্ষ্যে ভোক্তার আয়, জনগণের জীবনযাত্রার মান ইত্যাদির ফলাফল অনুকূল হওয়ায় তিনি তেজগাঁও বিসিক শিল্পনগরীতে একটি কারখানা স্থাপন করলেন। উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় প্রতিদিন নগদ লেনদেনের পরিমাণ বৃদ্ধি পায়। এজন্য তিনি দৈনিক ও মাসিক ভিত্তিতে নগদ লেনদেনের হিসাব সংরক্ষণের ব্যবস্থা করেন।
- ক. আত্মবিশ্লেষণ কী? ১
- খ. ব্রেক-ইভেন বিশ্লেষণ কেন করা হয়? ব্যাখ্য করো। ২
- গ. উদ্দীপকে মিস সাবিলা জাহানের হিসাব বিবরণটি বর্ণনা করো। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত মিস সাবিলা জাহানের ব্যবসায় প্রকল্প প্রণয়নের পদক্ষেপটি মূল্যায়ন করো। ৪

১০। সিরাজগঞ্জের একটি অঞ্চলের সকল তাঁতিরা মিলে নিজেদের আর্থসামাজিক কল্যাণ সাধনের উদ্দেশ্যে একটি ব্যবসায় সংগঠন গড়ে তোলেন। অপরদিকে ঢাকায় আসাদ সাহেবের প্রতিষ্ঠান কিছুদিন পূর্বেই শেয়ার বিক্রয়ের মাধ্যমে তাদের মূলধন সংগ্রহ করেছেন। আসাদ সাহেবের বন্ধু রিয়াজ কৃত্রিম ব্যক্তিসত্তাসম্পন্ন একটি ব্যবসায় প্রতিষ্ঠান গঠন করেন, যেখানে তিনি নিবন্ধ:নপত্র সংগ্রহ করে কাজ শুরু করেন। তার প্রতিষ্ঠানের ন্যূনতম পরিচালক সংখ্যা ২ জন।
- ক. রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১
- খ. সকল আত্মকর্মসংস্থানকারীকে ব্যবসায় উদোক্তা বলা যায় কী? ব্যাখ্য করো। ২
- গ. মালিকানার ভিত্তিতে তাঁতিরা মিলে কোন ধরনের ব্যবসায় সংগঠন গড়ে তুলেছেন? বর্ণনা করো। ৩
- ঘ. দেশের আর্থসামাজিক উন্নয়নে রিয়াজের সংগঠন থেকে আসাদ সাহেবের সংগঠনই বেশি ভূমিকা রাখবে– তুমি কি একমত? বিশ্লেষণ করো। ৪

১১। ফয়সাল একজন অসাধু ব্যবসায়ী। তিনি পণ্য মজুদ করে রেখে বাজারে পণ্যের কৃত্রিম সংকট তৈরি করেন। এর ফলে পণ্যের মূল্য বৃদ্ধি পেয়ে যায় এবং ভোক্তারা বিপাকে পড়ে যায়। অপরদিকে আজিজ সাহেব মেঘনা নদীর তীরে তার একটি শিল্প কারখানা স্থাপন করেন। এই কারখানা থেকে বিপুল পরিমাণে ধোঁয়া নিষ্কাশন হয় এবং কারখানার বর্জ্যগুলো বেশিরভাগ সময়ে মেঘনা নদীতে ফেলে দেওয়া হয়।
- ক. নৈতিকতা কী? ১
- খ. CIP বলতে কী বোঝায়? ২
- গ. ফয়সাল কোন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করতে ব্যর্থ হয়েছে? ব্যাখ্য করো। ৩
- ঘ. আজিজ সাহেবের কারখানা আমাদের পরিবেশের ওপর যে প্রভাব বয়ে আনবে তা মূল্যায়ন করো। ৪

মডেল টেস্ট- ০২

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড 1 4 3

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. কোনটি ব্যবসায়ের কাজ?**
ⓚ সামাজিক উন্নয়নসম্পর্কিত কাজ ⓚ নিজের পুকুরে মাছ চাষ
ⓖ বৈধভাবে মুনাফা অর্জন কার্যাবলি ⓖ মুনাফা অর্জন কার্যাবলি

**২. নিচের কোনটি শিল্প উদ্যোগ?**
ⓚ বাণিজ্যিক মুরগির খামার ⓚ মুদির দোকান গঠন
ⓖ শেয়ার ব্যবসায় ⓖ সাবান কারখানা প্রতিষ্ঠা

**৩. ব্যবসায়ে সফলতার পূর্বশর্ত কোনটি?**
ⓚ পণ্যের চাহিদা মূল্যায়ন ⓚ পণ্য ক্রয়-বিক্রয়
ⓖ সঠিক পণ্য নির্বাচন ⓖ পণ্যের স্থান নির্বাচন

**৪. কত সালের আইন অনুযায়ী অংশীদারি ব্যবসায় পরিচালিত হয়?**
ⓚ ১৯১৩ ⓚ ১৯৩২
ⓖ ১৯৯৪ ⓖ ২০০১

**৫. কোনটি ট্রেডমার্ক বহির্ভূত?**
ⓚ ডিভাইস ⓚ ব্র্যান্ড
ⓖ শিরোনাম ⓖ প্যাকেজিং

**৬. পরিবহণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ⓚ সময়গত ⓚ স্থানগত
ⓖ ঝুঁকিগত ⓖ জ্ঞানগত

**৭. কোনটি ব্যবস্থাপনার একটি কাজ?**
ⓚ ক্রয় ⓚ বিক্রয়
ⓖ পরিবহণ ⓖ নিয়ন্ত্রণ

**৮. ট্রেডমার্ক কত বছরের জন্য দেওয়া হয়?**
ⓚ ৭ ⓚ ১০
ⓖ ৫০ ⓖ ৬০

**৯. চট্টগ্রাম বিভাগের উন্নত জেলা কোনটি?**
ⓚ খাগড়াছড়ি ⓚ রাঙামাটি
ⓖ ফেনী ⓖ বান্দরবান

□ **উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
রূপা হক 'রূপা ফার্নিচার' প্রতিষ্ঠানের মালিক। তিনি তার ব্যবসায়ে ১২ কোটি টাকা বিনিয়োগ করেছেন। তার প্রতিষ্ঠানে কর্মীর সংখ্যা ১০০ জন। তিনি বিদ্যালয়ের বেঞ্চ তৈরির ফরমায়েশ পেলেন, যা ৭ দিনের মধ্যে সরবরাহ করতে হবে। তিনি কর্মীদের ৬ দিনের মধ্যে কাজ শেষ করার জন্য উদ্দীপনা দেন এবং ঘোষণা দেন যে, তাদের দুপুরের খাবার দেওয়া হবে। এতে কর্মীরা উদ্দীপ্ত হয় এবং নির্ধারিত সময়ে কাজ শেষ করে।

**১০. রূপার ফার্নিচার কোন ধরনের শিল্প?**
ⓚ ক্ষুদ্র সেবামূলক ⓚ মাঝারি সেবামূলক
ⓖ মাঝারি উৎপাদনমূলক ⓖ বৃহৎ শিল্প

**১১. প্রতিষ্ঠানের কর্মীদের প্রেষণাদানের কারণ কী?**
ⓚ কর্মীদের সন্তুষ্টি ⓚ মালিকের সন্তুষ্টি
ⓖ প্রেষণার অভাব ⓖ সময়মতো অর্ডার সরবরাহ

**১২. কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধিতে কোনটি প্রয়োজন?**
ⓚ প্রশিক্ষণ ⓚ নৈতিকতা
ⓖ বেতন ⓖ শিক্ষা

**১৩. কোনটি সংরক্ষণমূলক সহায়তা?**
ⓚ প্রতিষ্ঠানের নিবন্ধন
ⓚ স্থায়ী ও চলতি মূলধনের ব্যবস্থা করা
ⓖ কর অবকাশ সুবিধা
ⓖ বন্ধ প্রতিষ্ঠান পুনরায় চালুর ব্যবস্থা করা

**১৪. মাইক্রোস্ক্রিনিং এর উপাদান হলো–**
i. বারবার সরকারের পরিবর্তন ii. বেকার সমস্যারসমাধানের সুযোগ সৃষ্টি
iii. কারিগরি শিক্ষা সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৫. 'মিতু কম্পিউটার' প্রতিষ্ঠান গণনা কাজ সহজ করার একটি সফটওয়্যার উদ্ভাবন করেছে। জনাব মিতু কোনটির মাধ্যমে তার সফটওয়্যারটি মালিকানা নিজের রাখা নিশ্চিত করতে পারে?**
ⓚ পেটেন্ট ⓚ ট্রেডমার্ক
ⓖ কপিরাইট ⓖ সার্ভিস মার্ক

**১৬. কোনটি সমর্থনমূলক সহায়তা?**
ⓚ অনুপ্রেরণামূলক প্রশিক্ষণ ⓚ পরামর্শ প্রদান
ⓖ কারিগরি তথ্য সরবরাহ ⓖ মূলধনের ব্যবস্থা করা

**১৭. কুটির শিল্পের সর্বোচ্চ সদস্য সংখ্যা কতজন?**
ⓚ ১০ ⓚ ১৫
ⓖ ২০ ⓖ ২৫

**১৮. মহিলা অধিদপ্তর মহিলাদের প্রশিক্ষণ প্রদান করে–**
i. মুরগির খামার করতে ii. সেলাই কাজে iii. লবণ উৎপাদনে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৯. বিমাতে কয়টি পক্ষ থাকে?**
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

**২০. নৈতিকতা মানুষের– সাথে জড়িত।**
ⓚ ভালো স্বাস্থ্যের ⓚ সৌন্দর্যের
ⓖ বুদ্ধির ⓖ দৈনন্দিন কাজকর্মের

**২১. রনি ও জনি চুক্তির ভিত্তিতে একটি নতুন ব্যবসায় শুরু করল। ব্যবসায়টি কোন ধরনের?**
ⓚ প্রাইভেট ⓚ পাবলিক
ⓖ অংশীদারি ⓖ সমবায়

**২২. কোন কৃষিপণ্য সরাসরি ভোক্তার নিকট বিক্রি হয়?**
ⓚ ধান, ফলমূল, সবজি ⓚ ধান, পাট, সরিষা
ⓖ সার, বীজ, কীটনাশক ⓖ ধান, চাল, আলু

**২৩. কোন নেতৃত্বে সিদ্ধান্ত নিতে দেরি হয়?**
ⓚ গণতান্ত্রিক ⓚ আমলাতান্ত্রিক
ⓖ মুক্ত ⓖ স্বৈরতান্ত্রিক

**২৪. কোম্পানির মূলধনের ক্ষুদ্রতম অংশকে কী বলে?**
ⓚ বন্ড ⓚ শেয়ার
ⓖ মুনাফা ⓖ ডিবেঞ্চার

**২৫. BSTI কোন মন্ত্রণালয়ের অধীন?**
ⓚ শিক্ষা ⓚ শিল্প
ⓖ মহিলা অধিদপ্তর ⓖ যুব উন্নয়ন

**২৬. কোন শিল্পটি ভিন্ন?**
ⓚ চিনি ⓚ পর্যটন
ⓖ পাট ⓖ সার

**২৭. কোনটি বিপণন বহির্ভূত কাজ?**
ⓚ পণ্য উৎপাদন ⓚ হিমাগারে কৃষিপণ্য সংরক্ষণ
ⓖ স্বাদ ও আকার অনুযায়ী আম শ্রেণিবিভাগ করা
ⓖ উৎপাদকের কাছ হতে ফসল সংগ্রহ

**২৮. দেশের সবচেয়ে বড়ো বেসরকারি হাসপাতাল কোন উদ্যোক্তা স্থাপন করেন?**
ⓚ জনাব আলী ⓚ জহুরুল ইসলাম
ⓖ রনদা প্রসাদ সাহা ⓖ স্যামসন এইচ চৌধুরী

**২৯. একজন সফল উদ্যোক্তা কীভাবে সিদ্ধান্ত নেন?**
ⓚ অনুমানের ভিত্তিতে ⓚ বিচার-বিশ্লেষণের মাধ্যমে
ⓖ জনগণের কাছ হতে শুনে ⓖ অনুসন্ধান করে

**৩০. আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড়ো মূলধন কী?**
ⓚ আত্মবিশ্বাস ⓚ নিজের দক্ষতা
ⓖ কঠোর পরিশ্রম ⓖ সাহস

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) বিষয় কোড 1 4 3

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব রায়হান ব্যাংক হতে ঋণ নিয়ে একটি ডিপার্টমেন্ট স্টোর গড়ে তোলেন। উক্ত এলাকায় যাতায়াত ব্যবস্থা কিছুটা অনুন্নত হওয়ায় দোকানে ক্রেতার সংখ্যা কম থাকে। কিন্তু ক্রেতাদের আর্থিক অবস্থা সচ্ছল থাকার কারণে একসাথে অনেক পণ্য বিক্রয় হয়। এছাড়াও দক্ষ কর্মচারী থাকায় প্রতি বছর তিনি ব্যবসায় হতে প্রচুর মুনাফা অর্জনে সক্ষম হন।
ক. শিল্প কী? ১
খ. বাণিজ্যকে 'ব্যবসায় টু ব্যবসায়' বলা হয় কেন? ২
গ. জনাব রায়হানের ব্যবসায়ে সফলতা আসার কারণ কী? ৩
ঘ. দেশের আর্থসামাজিক উন্নয়নে জনাব রায়হানের ব্যবসায়ের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

২। পর্যাপ্ত পুঁজি, সরকারি সুযোগ-সুবিধা থাকলে ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলা অনেকটাই সহজ। তবে সঠিক পরিকল্পনা, প্রশিক্ষণ না থাকলে অনেক সময় ঝুঁকির সম্মুখীন হতে হয়।
ক. ব্যবসায় উদ্যোগ কী? ১
খ. উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য লেখো। ২
গ. ব্যবসায় উদ্যোগ গড়ে তুলতে কী কী সহায়তা প্রয়োজন হয়? ৩
ঘ. ব্যবসায় উদ্যোগে ঝুঁকি দূরীকরণের উপায়গুলো ব্যাখ্যা করো। ৪

৩। সানজিদার আটা ব্যবসায়ে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী থাকায় সে অতি দ্রুত উন্নতি লাভ করে। আটা প্রস্তুত ছাড়াও সে কেক বানানোর সিদ্ধান্ত নেয়। তার সফলতার অন্যতম কারণ সে ব্যবসায় আরম্ভ করার আগেই চাহিদা, স্থান, প্রযুক্তি ইত্যাদি সংক্রান্ত তথ্য সংগ্রহ করে পূর্বপরিকল্পনা করেছিল।
ক. যুব প্রশিক্ষণ কেন্দ্র কাদের দ্বারা পরিচালিত? ১
খ. সানজিদার ব্যবসায়টি কোন ধরনের? ২
গ. ব্যবসায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারীর সুবিধাসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. সানজিদার ব্যবসায় সফলতার কারণসমূহ পর্যালোচনা করো। ৪

৪। 'নিটল ব্রাদার্স' অংশীদারি ব্যবসায় প্রতিষ্ঠানের একজন অংশীদার চুক্তি ভঙ্গ করে তার এক বন্ধুর কাছে মালিকানা হস্তান্তর করে। পরবর্তীতে প্রতিষ্ঠানটি প্রাইভেট লিমিটেড কোম্পানিতে রূপান্তর করা হয়।
ক. সমবায় সমিতির নিবন্ধন পর্যায়ে কী করতে হয়? ১
খ. কোন ধরনের প্রতিষ্ঠানের মালিক সরাসরি প্রতিষ্ঠান পরিচালনার সুযোগ পান না? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যাওয়ার কারণ কী? ৩
ঘ. প্রতিষ্ঠানটি প্রাইভেট লিমিটেড কোম্পানিতে রূপান্তর করতে কী কী করতে হবে? ৪

৫। আমাদের দেশে মাঝে মাঝেই কিছু প্রতিষ্ঠান খাবারে বিভিন্ন ক্ষতিকারক রং মিশিয়ে বিক্রয় করে, যা স্বাস্থ্যের জন্য মোটেও ভালো নয়। আর এসকল অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে শিল্প মন্ত্রণালয়ের একটি প্রতিষ্ঠান কাজ করছে। ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এই প্রতিষ্ঠান খাদ্যদ্রব্যের গুণাগুণ রক্ষার কাজ করে থাকে।
ক. পণ্যের প্রতীক কী? ১
খ. ট্রেডমার্ক কেন রেজিস্ট্রেশন করা হয়? ২
গ. পণ্যের গুণাগুণ রক্ষায় কোন ধরনের আইনগত পদক্ষেপ কার্যকর ভূমিকা রাখে? ৩
ঘ. "শিল্প মন্ত্রণালয়ের পদক্ষেপ স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রাখে।— উক্তিটি মূল্যায়ন করো। ৪

৬। সাফওয়ানের ব্যবসায় হতে ২০২২ সালের ৩০শে জুন তারিখের কিছু তথ্য তুলে ধরা হলো—

| ব্যয়সমূহ | টাকা | আয়সমূহ | টাকা |
|---|---|---|---|
| ভাড়া | ২৫,০০০ | বিক্রয় | ১,০০,০০০ |
| আসবাবপত্র | ১,৪০,০০০ | সঞ্চয়পত্রের সুদ | ১৫,০০০ |
| অগ্রিম বেতন | ১৫,০০০ | ১০% ঋণ | ১,১০,০০০ |
| ঋণের সুদ | ৫,০০০ | | |
| আপ্যায়ন | ৪,০০০ | | |
| ইউটিলিটি বিল | ১৬,০০০ | | |
| বিজ্ঞাপন | ২০,০০০ | | |

ক. চূড়ান্ত পর্যায়ে কোনো প্রকল্প নির্বাচনের জন্য কী প্রয়োজন? ১
খ. সম আয়-ব্যয় বিন্দু নির্ণয়ের গুরুত্ব লেখো। ২
গ. সাফওয়ানের ব্যবসায়ের প্রাক্কলিত লাভ-ক্ষতি নির্ণয় করো। ৩
ঘ. সাফওয়ানের ব্যবসায়ের আর্থিক অবস্থা বিশ্লেষণ করো। ৪

৭। কক্সবাজারের লবণ প্রক্রিয়াজাতকরণ কারখানার মালিক মাসুদ সাহেব তার কারখানায় শ্রমিকের সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নিল। বর্তমানে তার কারখানায় মূলধনের পরিমাণ ২ কোটি ৮০ লক্ষ টাকা এবং শ্রমিক সংখ্যা ১১০ জন। লবণ প্রক্রিয়ার কাজে শ্রমিক সংখ্যা যথেষ্ট না হওয়ায় তার মুনাফা বৃদ্ধি পাচ্ছে না।
ক. উৎপাদনমুখী শিল্প কী? ১
খ. মাসুদ সাহেবের শিল্পটি কোন ধরনের? ২
গ. শ্রমিক সংখ্যা বৃদ্ধি ছাড়াও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাসুদ সাহেব আর কী কী পদক্ষেপ নিতে পারেন? ৩
ঘ. দেশের অর্থনীতিতে মাসুদ সাহেবের শিল্পটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮। হেনরি ফেওলের মতে, "ব্যবস্থাপনা হলো পূর্বানুমান ও পরিকল্পনা, সংগঠিতকরণ, নির্দেশনা, সমন্বয়সাধন ও নিয়ন্ত্রণের সমষ্টি।" ব্যবসায় সফলতা আনতে একজন ব্যবস্থাপককে নেতার ভূমিকা পালন করতে হয়। সঠিক ব্যবস্থাপনাই প্রতিষ্ঠানের সফলতার অন্যতম মূলমন্ত্র।
ক. কোন কাজটির মাধ্যমে প্রতিষ্ঠানের বিভাগ ও উপবিভাগের মধ্যে যোগাযোগ রক্ষা করা হয়? ১
খ. হেনরি ফেওলের সংজ্ঞা হতে ব্যবস্থাপনার কী কী বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়েছে? ২
গ. কর্মীদের জনাব প্রত্যাশা না করে যদি একজন নেতা কাজ করেন তবে তার পক্ষে ও বিপক্ষে মতামত দাও। ৩
ঘ. "সঠিক ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের সফলতার অন্যতম মূলমন্ত্র" — উক্তিটি ব্যাখ্যা করো। ৪

৯। জনাব রাতুল একটি প্রসাধনী সামগ্রীর ফ্যাক্টরি থেকে পণ্য এনে সেগুলো বিভিন্ন দোকানে সরবরাহ করে থাকে। এজন্য সে কোম্পানি থেকে নির্দিষ্ট হারে কমিশন পেয়ে থাকে। কোম্পানি যথাযথ নিয়ম মেনে ব্যবসায়িক কার্যাবলি সম্পন্ন করে বিধায় তাদের পণ্য বাজারজাতকরণে সমস্যা হয় না।
ক. পর্যায়িতকরণ কী? ১
খ. জনাব রাতুলের ব্যবসায়ের বণ্টন প্রণালিটি ব্যাখ্যা করো। ২
গ. কোন ধরনের কাজের মাধ্যমে জনাব রাতুল তার পণ্য সংক্রান্ত তথ্য জনগণের কাছে পৌঁছে দিতে পারবে? ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কীভাবে ব্যবসায়িক সাফল্য অর্জনে সক্ষম হয়েছে? ৪

১০। স্বাধীনতার পর থেকে জাতীয় শিল্প খাতে উন্নয়নের জন্য দেশের প্রতিটি জেলায় শিল্পসহায়ক কেন্দ্র রয়েছে। সরকারি খাতে এরা বর্তমানে প্রধান সহায়তাকারী প্রতিষ্ঠান। শিল্প খাতে উন্নয়নের ফলেই দেশে ব্র্যাক, প্রশিকা ইত্যাদি বেসরকারি সংস্থা গড়ে ওঠেছে যারা বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দেশের উন্নয়ন ঘটাচ্ছে।
ক. বিসিক এর পূর্ণরূপ কী? ১
খ. সমর্থনমূলক সহায়তা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি দেশের শিল্প ক্ষেত্রের উন্নয়নে কী কী কাজ করছে? ৩
ঘ. ব্র্যাকের কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা দাও। ৪

১১। যে-কোনো ব্যবসায়ের সফলতা নৈতিকতার ওপরও অনেকটা নির্ভরশীল। এজন্য প্রতিটি ব্যবসায়ের মালিক ও কর্মচারীদের মাঝে মূল্যবোধ জাগ্রত করতে হবে। সমাজ তথা দেশের উন্নয়নে প্রতিটি ব্যবসায় প্রতিষ্ঠান কোনো না কোনোভাবে জড়িত। তাই অনৈতিক কার্যক্রম যে-কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নে বিপর্যয় বয়ে আনতে পারে।
ক. পণ্যের বাজার স্থিতিশীল রাখা কোন ধরনের দায়বদ্ধতা? ১
খ. ব্যবসায় কার্যক্রমে বর্জনীয় ৪টি অনৈতিক কাজ সম্পর্কে লেখো। ২
গ. ব্যবসায় প্রতিষ্ঠানে মূল্যবোধের গুরুত্ব আলোচনা করো। ৩
ঘ. নৈতিকতা ও মূল্যবোধ কীভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা পালন করে? ৪

মডেল টেস্ট- ০৩

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 143

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **ব্যবসায়ের ক্রমবিকাশের মধ্যযুগের পর্যায় কোনটি?**
ⓚ দ্রব্য বিনিময় ⓚ প্রযুক্তির উন্নয়ন
ⓖ কাগজি মুদ্রার প্রচলন ⓖ ব্যাংকিং ও বিমা ব্যবস্থার সম্প্রসারণ

২. **কোনটি প্রত্যক্ষ সেবামূলক পেশার অন্তর্ভুক্ত নয়?**
ⓚ চিকিৎসক ⓚ শিক্ষক ⓖ আইনজীবী ⓖ মৎস্যজীবী

৩. **রাকিব একজন শিক্ষিত বেকার। তিনি অন্যের অধীনে চাকরি করা পছন্দ করেন না। তিনি যদি ব্যবসায় করতে চান তবে তাকে প্রথমে কী করতে হবে?**
ⓚ ঋণ গ্রহণ ⓚ মূলধন গঠন
ⓖ ঝুঁকি গ্রহণ ⓖ উদ্যোগ গ্রহণ

☐ **উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রমিজ হার্ডবোর্ড তৈরির কারখানার জন্য কর মওকুফ সুবিধা পেয়েছে। এখন তিনি কারখানা সম্প্রসারণের জন্য কর্মীদের হাতেকলমে শিক্ষার ব্যবস্থা করেছেন। ফলে সফলভাবে ব্যবসায় পরিচালনা করছেন।

৪. **জনাব রমিজ কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য কোন পদক্ষেপ গ্রহণ করেছেন?**
ⓚ পরামর্শ দান ⓚ সুযোগ-সুবিধা প্রদান
ⓖ প্রেষণা দান ⓖ প্রশিক্ষণ প্রদান

৫. **জনাব রমিজের জন্য ব্যবসায়ের অনুকূল পরিবেশ সৃষ্টিতে কাজ করেছে–**
i. পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা ii. সরকারি পৃষ্ঠপোষকতা
iii. দক্ষ কর্মীবাহিনী প্রাপ্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৬. **আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড়ো মূলধন কোনটি?**
ⓚ নিজের দক্ষতা ⓚ নিজের পুঁজি
ⓖ ঋণ করা অর্থ ⓖ নিজের মনোবল

৭. **নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত?**
ⓚ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ⓚ শিক্ষা মন্ত্রণালয়
ⓖ শিল্প মন্ত্রণালয় ⓖ পর্যটন মন্ত্রণালয়

৮. **কোন ধরনের অংশীদারদের দায় অসীম?**
ⓚ ঘুমন্ত অংশীদার ⓚ নামমাত্র অংশীদার
ⓖ সীমিত অংশীদার ⓖ সাধারণ অংশীদার

৯. **রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?**
ⓚ জনকল্যাণ ⓚ মুনাফা অর্জন
ⓖ কর আদায় ⓖ বিদেশি সাহায্য আদায়

১০. **সফল উদ্যোক্তা কীসের মাধ্যমে সিদ্ধান্ত নেন?**
ⓚ মোকাবিলার সাহায্যে ⓚ চ্যালেঞ্জ গ্রহণের মাধ্যমে
ⓖ একাগ্রতার মাধ্যমে ⓖ বিচার-বিশ্লেষণের মাধ্যমে

১১. **কোনটি ব্যবসায়ের অন্যতম মানবিক সম্পদ?**
ⓚ অর্থ ⓚ যন্ত্রপাতি ⓖ পরিকল্পনা ⓖ কর্মীবাহিনী

১২. **কোন ধরনের নেতৃত্ব কর্মীর মধ্যে নেতিবাচক প্রভাব ফেলে?**
ⓚ স্বৈরতান্ত্রিক ⓚ মুক্ত
ⓖ গণতান্ত্রিক ⓖ আমলাতান্ত্রিক

☐ **উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
রাজশাহীতে আমের মৌসুমে ২ জন ব্যাপারি প্রভাব খাটিয়ে আম ক্রয় করত। ফলে স্থানীয় জনগণ ন্যায্যমূল্য থেকে বঞ্চিত হতো। এলাকার ২৫ জন যুবক একত্রিত হয়ে নিবন্ধন ও উপবিধি তৈরি করে আম ক্রয়-বিক্রয় নিয়ন্ত্রণ করলে তারা ন্যায্যমূল্য পায়।

১৩. **রাজশাহীর মানুষ কোন মাধ্যমে আম বিক্রি করে ন্যায্যমূল্য পাচ্ছে?**
ⓚ প্রতিনিধির ⓚ খুচরা ব্যবসায়ী
ⓖ পাইকারি ব্যবসায় ⓖ সমবায় সমিতি

১৪. **নতুন পদ্ধতির ফলে রাজশাহীর গ্রামের লোকজন–**
i. আমের প্রকৃত মূল্য পাবে ii. জীবনযাত্রার মান উন্নত করতে পারবে
iii. পারস্পরিক আস্থা ও বিশ্বাস অর্জন করতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৫. **২০১০ সালের শিল্পনীতিতে চট্টগ্রাম বিভাগের উন্নত জেলা কোনটি?**
ⓚ খাগড়াছড়ি ⓚ রাজামাটি ⓖ ফেনী ⓖ বান্দরবান

১৬. **'জেন্ডার সচেতনতা' বিক্রয়কর্মীর কোন ধরনের গুণ?**
ⓚ শারীরিক ⓚ মানসিক ⓖ নৈতিক ⓖ অন্যান্য

১৭. **কর্মীসংস্থানের অন্তর্গত–**
i. কর্মী সংগ্রহ ii. প্রশিক্ষণ প্রদান iii. দায়িত্ব ও ক্ষমতা বণ্টন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৮. **ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে কী বলে?**
ⓚ ব্যক্তিক বিক্রয় ⓚ বিক্রয়িকতা
ⓖ বিক্রয় প্রসার ⓖ সাংগঠনিক যোগ্যতা

১৯. **আদর্শ বিক্রয়কর্মীর মানবিক গুণাবলি হলো–**
i. আত্মবিশ্বাস ii. ধৈর্যশীলতা iii. মার্জিত ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০. **উপমহাদেশে কত সালে ট্রেডমার্কস আইন প্রণয়ন হয়?**
ⓚ ১৮৪০ ⓚ ১৯৪০ ⓖ ১৭৪০ ⓖ ১৬৪০

২১. **কর্মীদের মধ্যে দায়িত্ব ও ক্ষমতা বণ্টনকে কী বলা হয়?**
ⓚ সমন্বয়সাধন ⓚ সংগঠিতকরণ
ⓖ কর্মীসংস্থান ⓖ নির্দেশনা দান

২২. **একজন ব্যবসায়ীর প্রতিষ্ঠানের শ্রমিক ও কর্মচারীদের প্রতি দায়িত্ব–**
i. চাকরির নিরাপত্তা বিধান করা ii. মানসম্মত পণ্য সরবরাহ করা
iii. উপযুক্ত পারিশ্রমিক ও আর্থিক সুবিধা দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. **ডাচ্-বাংলা ব্যাংক দারিদ্র মেধাবী শিক্ষার্থীদেরকে শিক্ষাবৃত্তি প্রদান করে। এ শিক্ষা বৃত্তি প্রদান ব্যবসায়ের কোন ধরনের দায়িত্ব?**
ⓚ সামাজিক ⓚ ব্যবসায়িক ⓖ জাতীয় ⓖ মানবিক

☐ **উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব গাজী সঠিকভাবে একটি ব্যবসায় প্রকল্প নির্বাচন করতে চান। এজন্য তিনি ব্যবসায় প্রকল্প নির্বাচনের একটি ধাপ অতি সাবধানতা ও গুরুত্বের সাথে বিশ্লেষণ করেছেন।

২৪. **জনাব গাজীর নির্বাচিত প্রকল্পটি কীসের ওপর নির্ভর করবে?**
(ক) মুনাফা ⓚ মূলধন
ⓖ চাহিদা ⓖ স্থায়ী সম্পদ

২৫. **জনাব গাজীকে নির্বাচিত প্রকল্পটি বিশ্লেষণ করতে হয়–**
i. মনোযোগের সাথে ii. সাবধানতার সাথে iii. গুরুত্বের সাথে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৬. **পরিবারের সদস্যদের দ্বারা কোন শিল্প গঠিত হয়?**
ⓚ ক্ষুদ্র শিল্প ⓚ সেবা শিল্প ⓖ কুটির শিল্প ⓖ বৃহৎ শিল্প

২৭. **বিনিয়োগের সুযোগ-সুবিধা সম্পর্কে অবহিতকরণ কোন ধরনের সহায়তা?**
ⓚ উদ্দীপনামূলক ⓚ সমর্থনমূলক
ⓖ সংরক্ষণমূলক ⓖ গ্রহণমূলক

২৮. **বিডিবিএল কখন থেকে নতুন করে কার্যক্রম শুরু করে?**
ⓚ ৩ জানুয়ারি ২০১০ সাল ⓚ ৩ জানুয়ারি ২০১১ সাল
ⓖ ৩ জুলাই ২০১২ সাল ⓖ ৩ জুলাই ২০০৯ সাল

২৯. **কত সালে জহুরুল ইসলাম ইস্টার্ন হাউজিং লিমিটেড প্রতিষ্ঠা করেন?**
ⓚ ১৯৫৪ সালে ⓚ ১৯৬০ সালে
ⓖ ১৯৬৪ সালে ⓖ ১৯৭০ সালে

৩০. **লুৎফা সানজিদা প্রাথমিকভাবে কত টাকা নিয়ে ব্যবসায় শুরু করেছিলেন?**
ⓚ ৫০,০০০ টাকা ⓚ ১৫,০০০ টাকা
ⓖ ৩৫,০০০ টাকা ⓖ ২০,০০০ টাকা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল)

বিষয় কোড 143

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব রহমতউল্লাহর কেরানীগঞ্জে একটি মুদি দোকান আছে। তিনি ঢাকার চকবাজার হতে মুদি সামগ্রী ক্রয় করে এলাকার গ্রাহকের চাহিদা অনুযায়ী বিক্রি করে মুনাফা অর্জন করেন। পণ্যদ্রব্য কিনে আনার সময় পরিবহণে প্রায়ই বহু টাকার পণ্যদ্রব্য ক্ষতির হাত থেকে রক্ষা পেতে তিনি বিকল্প ব্যবস্থার কথা ভাবছেন।

ক. ব্যবসায় উৎপত্তির মূলে কী ছিল? ১
খ. ব্যবসায় কীভাবে পণ্যের রূপগত পরিবর্তন ঘটায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রহমতউল্লাহর ঢাকা হতে মালামাল কিনে এনে ক্রেতাদের নিকট সরাসরি বিক্রয় কোন ধরনের বাণিজ্যের অন্তর্ভুক্ত? বর্ণনা করো। ৩
ঘ. জনাব রহমতউল্লাহ কীভাবে ব্যবসায়ের ক্ষতি হ্রাস করতে সক্ষম হবেন? তোমার অভিমত দাও। ৪

২। জনাব রফিক স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে মৎস্য চাষের ওপর প্রশিক্ষণ নেয়। তার পারিবারিক পুকুরে মৎস্য চাষ শুরু করার সিদ্ধান্ত নেয়। তার বন্ধুরা বলে এতে ঝুঁকি আছে, এতে সে মোটেও থেমে যায়নি।

ক. ব্যবসায় উদ্যোগের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. কর্মসংস্থানের উৎস হিসেবে ব্যবসায় উদ্যোগের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের জনাব রফিকের মধ্যে উদ্যোক্তাদের কোন গুণটি লক্ষ করা যায়? বর্ণনা করো। ৩
ঘ. জনাব রফিকের মতো সম্ভাবনাময় উদ্যোক্তাদের অনুপ্রাণিত করার মাধ্যমে দেশে বিশাল উদ্যোক্তাশ্রেণি তৈরি করা সম্ভব– মূল্যায়ন করো। ৪

৩। জসিম লেখাপড়া শেষ করে বেকার অবস্থায় আছে। তাই সে বেকারত্ব থেকে মুক্তি পাওয়ার জন্য নট্রামস থেকে প্রশিক্ষণ গ্রহণ করে। প্রশিক্ষণ নিয়ে গ্রামের বাজারসংলগ্ন স্কুলের পাশে কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনায় শিক্ষাদান শুরু করেন। পরবর্তী সময়ে ব্যাংক থেকে ঋণ নিয়ে আরও কয়েকটি কম্পিউটার কিনে কম্পিউটার কেন্দ্রটি সম্প্রসারণ করেন।

ক. আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড়ো মূলধন কোনটি? ১
খ. 'যুব প্রশিক্ষণ কেন্দ্র আত্মকর্মসংস্থানের সহায়ক'– ব্যাখ্যা করো। ২
গ. জসিমের ব্যবসায় প্রতিষ্ঠানটি বাজার ও স্কুলের পাশে স্থাপন করার কারণ কী? বর্ণনা করো। ৩
ঘ. "নট্রামসের কারণে জসিমের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে"–উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪। জনাব মিজান এমন একটি ব্যবসায় প্রতিষ্ঠানে চাকরি করে যেখানে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির সময় বাজার মূল্যের চেয়ে কম মূল্যে বাজারে পণ্য বিক্রয় করে। এতে জনগণ খুবই উপকৃত হয়। এ ব্যবসায় প্রতিষ্ঠান লাভের কথা ভাবে না। জনকল্যাণের উদ্দেশ্যেই এ প্রতিষ্ঠান ব্যবসায় পরিচালনা করে।

ক. ঘুমন্ত অংশীদার কাকে বলে? ১
খ. 'স্মারকলিপি কোম্পানির মূল্যবান দলিল'– ব্যাখ্যা করো। ২
গ. জনাব মিজান কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানে কাজ করে? বর্ণনা করো। ৩
ঘ. জনাব মিজান যে ধরনের প্রতিষ্ঠানে চাকরি করে বর্তমানে এ ধরনের প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তা আছে কি না– তোমার মতামত ব্যক্ত করো। ৪

৫। জনাব নিজাম মানসম্মত গুঁড়া মসলা বাজারজাতকরণের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি বিশেষ সংস্থায় প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদন করলেন। উক্ত কর্তৃপক্ষ সরেজমিনে তার কারখানা পরিদর্শন করে তার পণ্যের মান যাচাই করে পণ্য বাজারজাতকরণের অনুমতি প্রদান করেন।

ক. কোন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না? ১
খ. ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ. জনাব নিজাম কোন প্রতিষ্ঠানের অনুমোদন নিয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব নিজামের ভোগ্যপণ্যের মতো পণ্যসমূহের মান নিয়ন্ত্রণে উক্ত প্রতিষ্ঠানটির গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৬। জনাব রাহাত দীর্ঘদিন বিদেশে থেকে সম্প্রতি দেশে ফিরে আসেন। তিনি নিজ এলাকায় একটি অত্যাধুনিক খাবারের দোকান দেন। এলাকাটি জনবহুল হলেও অর্থনৈতিকভাবে অনগ্রসর। ফলে তার প্রত্যাশিত মাত্রায় মুনাফা অর্জিত হয়নি।

ক. পণ্যের বাজার চাহিদা কীভাবে জানা যায়? ১
খ. ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রাহাত কেন প্রত্যাশিত মুনাফা অর্জন করতে পারলেন না? বর্ণনা করো। ৩
ঘ. ম্যাক্রোস্ক্রিনিং কীভাবে ব্যবসায়ের ওপর প্রভাব বিস্তার করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৭। জনাব মিরাজ গাজীপুর জেলার কোনাবাড়িতে একটি হোসিয়ারি শিল্প স্থাপন করেন যেখানে জমি ও কারখানা ভবন ব্যতীত খরচ হয় ২৫ কোটি টাকা। যেখানে ৩টি শিফট চালু রয়েছে। প্রতিটি শিফটে ৫০ জন শ্রমিক কাজ করে। এখানে শ্রমিকরা কাজ করে নিজেদেরকে স্বাবলম্বী করে তুলেছে। অন্যদিকে জনাব মিরাজ আরও একটি শিল্প স্থাপনের পরিকল্পনা নিয়েছেন।

ক. কুটির শিল্পের ক্ষেত্রে সর্বোচ্চ জনবল কত? ১
খ. সেবামূলক ক্ষুদ্র শিল্প বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব মিরাজের শিল্পটি কোন ধরনের? বর্ণনা করো। ৩
ঘ. জনাব মিরাজের শিল্পটি কর্মসংস্থান সৃষ্টি করে কীভাবে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে? বিশ্লেষণ করো। ৪

৮। ঢাকার হাজারীবাগে জনাব সাত্তারের একটি চামড়ার কারখানা আছে। সেখানে তিনি প্রতিমাসে শ্রমিকদের সাথে আলোচনা করে উৎপাদনের মাত্রা ঠিক করে দেন। কিন্তু গত কয়েক মাসের উৎপাদনের মাত্রা কমে যাওয়ায় তিনি কর্মীদের সবসময় চাপের মধ্যে রাখার সিদ্ধান্ত নিলেন।

ক. সমন্বয় কী? ১
খ. প্রতিষ্ঠানে পরিকল্পনা গ্রহণ কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাত্তার তার কারখানাকে প্রথমদিকে কোন ধরনের নেতৃত্ব প্রদান করেছেন? বর্ণনা করো। ৩
ঘ. জনাব সাত্তারের পরবর্তী গৃহীত সিদ্ধান্তটি কর্মীদের ওপর কী ধরনের প্রভাব ফেলবে? তোমার মতামত দাও। ৪

৯। সততা বেকারি তাদের উৎপাদিত পাউরুটি সুন্দর প্যাকেটে আবৃত করে ছোটো ছোটো দোকানে ও হোলেটগুলোতে সরবরাহ করে। ভোক্তারা এ সমস্ত দোকান থেকে পাউরুটি ক্রয় করে থাকেন। তাদের পাউরুটিগুলো বাজারের অন্যান্য পাউরুটির মতো একই মানের। প্রতিষ্ঠানটি পণ্যের কোনো প্রচার না করা সত্ত্বেও তাদের পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. ভোক্তা বিশ্লেষণ কী? ১
খ. প্রমিতকরণ ও পর্যায়িতকরণ কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে সততা বেকারি কার মাধ্যমে পণ্য বাজারজাত করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. সততা বেকারির পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

১০। সালমা রহমান একজন গৃহিণী। তিনি বিভিন্ন গণমাধ্যমের প্রচারে উৎসাহিত হয়ে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা থেকে প্রশিক্ষণ নিয়ে ক্ষুদ্র শিল্প গড়ে তোলেন। এভাবে তিনি তার অবসর সময় কাজে লাগিয়ে সফল উদ্যোক্তা হিসেবে পরিচিতি লাভে সক্ষম হয়েছেন।

ক. বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে মাইডাস উদ্যোক্তাদের কী ধরনের সেবা প্রদান করে? ব্যাখ্যা করো। ২
গ. ক্ষুদ্র শিল্প স্থাপনে সালমা রহমান কী ধরনের সহায়তা পেয়েছেন তা বর্ণনা করো। ৩
ঘ. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা সালমা রহমানের মতো উদ্যোক্তাদের ব্যাপারে কী ধরনের সাহায্য করে তা বিশ্লেষণ করো। ৪

১১। কামাল একজন অসৎ ব্যবসায়ী। সে তেল ক্রয় করে মজুদ রাখে। বাজারে তেলের মূল্য বৃদ্ধি পেলে তা অধিক মূল্যে বিক্রয় করে। অসৎ ব্যবসায়ে আজ সে কোটিপতি।

ক. 'ইথস' শব্দের অর্থ কী? ১
খ. ব্যবসায় মূল্যবোধের প্রয়োজনীয়তা কী? ব্যাখ্যা করো। ২
গ. ব্যবসায় সামাজিক দায়বদ্ধতার ধারণা ও গুরুত্ব বিশ্লেষণ করো। ৩
ঘ. কামালের কাজটিতে মূল্যবোধের চরম অবক্ষয় প্রকাশ পায়– বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৪

# আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 3

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. ব্যবসায়ের ক্রমবিকাশের ধারায় আধুনিক যুগে সংঘটিত হয় কোনটি?**
ক শিল্প বিপ্লব খ কৃষি কাজ
গ পণ্য বিনিময় ঘ গুদামজাতকরণ

**২. মালিকানাসংক্রান্ত বাধা দূর করে বাণিজ্যের কোন উপাদান?**
ক পরিবহণ খ ব্যাংকিং
গ পণ্য বিনিময় ঘ গুদামজাতকরণ

**৩. আইনশৃঙ্খলা কোন পরিবেশের উপাদান?**
ক আইনগত খ প্রযুক্তিগত
গ রাজনৈতিক ঘ অর্থনৈতিক

**৪. ফোর্ড কোন দেশের কোম্পানি?**
ক আমেরিকার খ জাপানের
গ ইংল্যান্ডের ঘ ইতালির

**৫. ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্য হলো–**
i. পণ্য বা সেবা ii. কর্ম উদ্যোগ iii. ব্যবসায় সংগঠন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. কোনটির মাধ্যমে সব খাতের উন্নয়ন সম্ভব?**
ক ব্যবসায় মূলধন খ পুঁজি
গ ব্যবসায় উদ্যোগ ঘ মানবসম্পদ

**৭. অর্থনৈতিক বিবেচনায় বাংলাদেশ কোন ধরনের দেশ?**
ক নিম্ন আয়ের খ মধ্যম আয়ের
গ উন্নয়নশীল ঘ উন্নত

**৮. আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচন বিবেচনা করতে হয়–**
i. সঠিক পণ্য ii. মুনাফার নিশ্চয়তা iii. পণ্যের চাহিদা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. অংশীদারি আইনে কত ধারায় আদালতের নির্দেশে বিলাপসাধন সম্পর্কে বলা হয়েছে?**
ক ৪০ খ ৪১ গ ৪২ ঘ ৪৪

**১০. অংশীদারি ব্যবসায়ে চুক্তি সম্পাদনের জন্য কমপক্ষে কতজন সদস্য প্রয়োজন?**
ক ২ খ ৭ গ ১০ ঘ ২০

☐ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাফি ও রাফি পড়াশোনা শেষ করে নিজস্ব অর্থ নিয়ে একটি ফাস্টফুডের দোকান দেওয়ার উদ্যোগ নিল। ব্যবসায়ের আইনগত সুবিধা পাওয়ার জন্য তারা লাইসেন্স সংগ্রহ করতে চায়।

**১১. সাফি ও রাফি কোন ধরনের ব্যবসায়ের উদ্যোগ নিল?**
ক ফ্রানসাইজিং খ একমালিকানা
গ অংশীদারি ঘ কোম্পানি

**১২. সাফি ও রাফি লাইসেন্স সংগ্রহ করবে–**
i. রাজস্ব ভবন থেকে ii. সিটি কর্পোরেশন থেকে iii. পৌরসভা থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. ব্যবসায় উদ্যোক্তাদের কিছু বুদ্ধিবৃত্তিক সম্পদ থাকে। এগুলো হলো–**
i. কপিরাইট ii. পেটেন্ট iii. ট্রেডমার্ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. ট্রেডমার্ক রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?**
ক ৭ খ ১০ গ ১২ ঘ ১৩

**১৫. বুদ্ধিবৃত্তিক পণ্য বা সেবা বিপণনের একটি জনপ্রিয় কৌশল কোনটি?**
ক অংশীদারি চুক্তি খ কপিরাইট চুক্তি
গ ত্রিপক্ষীয় চুক্তি ঘ দ্বিপক্ষীয় চুক্তি

**১৬. প্রাক্কলিত নগদ প্রবাহ বিবরণী সংরক্ষণ করা যায়–**
i. দৈনিক ভিত্তিতে ii. সাপ্তাহিক ভিত্তিতে iii. মাসিক ভিত্তিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭. কোনটি পরিকল্পনা?**
ক সিদ্ধান্ত পরিকল্পনা খ সুনির্দিষ্ট দিকনির্দেশনা
গ ধারণা ঘ মূল্যায়ন

**১৮. মৃৎ শিল্পের মধ্যে পড়ে–**
i. পুতুল ii. ফুলদানি iii. চালুন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. সেবামূলক মাঝারি শিল্পে সর্বোচ্চ শ্রমিক সংখ্যা কতজন?**
ক ১০০ জন খ ১১০ জন
গ ১২০ জন ঘ ১৩০ জন

**২০. শিল্পকে কয়ভাগে ভাগ করা হয়?**
ক তিন খ চার গ পাঁচ ঘ ছয়

**২১. বিপণনের আবশ্যকীয় কাজ কোনটি?**
ক ক্রয় খ বিক্রয়
গ পরিবহণ ঘ প্রমিতকরণ

☐ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
রিয়াদ একজন সফল ফল ব্যবসায়ী। তিনি উৎপাদকের নিকট থেকে সংগৃহীত পণ্যকে বিভিন্ন শ্রেণিবিভাগ করে বিক্রয় করেন।

**২২. রিয়াদ বাজারজাতকরণে কোন কাজ করেন?**
ক মোড়কিকরণ খ পর্যায়িতকরণ
গ প্রমিতকরণ ঘ প্যাকেজিং

**২৩. রিয়াদ কর্তৃক সম্পাদিত কাজটির মাধ্যমে–**
i. মানসম্মত পণ্য ভোক্তার কাছে পৌছানো যায়
ii. ভোক্তাগণ মানসম্মত সেবা পায়
iii. উৎপাদনকারী ও ভোক্তার মধ্যে সেতুবন্ধন তৈরি করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. শিল্পের আধুনিকায়নে কোন ধরনের সহায়তা প্রয়োজন?**
ক পরামর্শমূলক খ সমর্থনমূলক
গ সংরক্ষণমূলক ঘ উদ্দীপনামূলক

**২৫. কোনটি সমর্থনমূলক সহয়তা?**
ক প্রশিক্ষণ খ পরামর্শ দান
গ ভর্তুকি প্রদান ঘ কারিগরি সহায়তা

**২৬. ব্যবসায় কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক ব্যক্তিক খ সামাজিক
গ মানবিক ঘ নৈতিক

**২৭. ব্যবসায়ের সামাজিক দায়িত্ব রয়েছে কয়টি পক্ষের প্রতি?**
ক দুইটি খ তিনটি গ চারটি ঘ পাঁচটি

**২৮. শিল্পায়নে সবচেয়ে বড়ো সমস্যা কোনটি?**
ক মূলধন কম খ সম্পদ কম
গ কর্মসংস্থান ঘ পরিবেশ দূষণ

**২৯. কোন উদ্যোক্তা বহু অনাথ আশ্রম প্রতিষ্ঠান করেন?**
ক আবুল কালাম খ শাহিদা বেগম
গ জহুরুল ইসলাম ঘ স্যামসন এইচ চৌধুরী

**৩০. কোন উদ্যোক্তা 'রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড' চালু করেন?**
ক জহুরুল ইসলাম খ স্যামসন এইচ চৌধুরী
গ আর. পি. সাহা ঘ আবুল কালাম আজাদ

ক বিদ্যুৎ খ গ্যাস
গ কর মওকুফ ঘ যাতায়াত ব্যবস্থা

৮. **ব্যবসায় উদ্যোগের প্রধান উদ্দেশ্য হলো–**
ক জনকল্যাণ খ মুনাফা অর্জন গ উপযোগ ঘ প্রত্যক্ষ সেবা

৯. **আত্মকর্মসংস্থানে সবচেয়ে বড় মূলধন কোনটি?**
ক নিজের দক্ষতা খ নিজের পুঁজি
গ ঋণ করা অর্থ ঘ নিজের মনোবল

১০. **নিচের কোনটি আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র?**
ক জাহাজ তৈরি খ পর্যটন গ মৃৎশিল্প ঘ চা শিল্প

☐ **উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
নিজেদের উৎপাদিত শাকসবজি বাজারজাতকরণের লক্ষ্যে মতিন মিয়ার নেতৃত্বে নিমসার এলাকার ২৫ জন সমশ্রেণির সদস্য নিয়ে একটি সংগঠন গড়ে তোলে। ন্যায্যমূল্য নিশ্চিত করা এবং মুনাফার অংশ সমহারে বণ্টনসহ ১৫% সঞ্চিতি তহবিলে জমা রাখে।

১১. **উদ্দীপকে মতিন মিয়ার নেতৃত্বে গঠিত ব্যবসায়ের ধরন কীরূপ?**
ক অংশদারি খ যৌথ মূলধনি
গ সমবায় ঘ পাবলিক লি. কোম্পানি

১২. **সমবায়ের প্রধান নীতি হচ্ছে–**
i. সময়োপযোগী ii. পারস্পরিক সহযোগিতা iii. গণতান্ত্রিক মূল্যবোধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১৩. **বাংলাদেশ রেলওয়ে কোন ধরনের সংগঠনের অন্তর্গত?**
ক রাষ্ট্রীয় সংগঠন খ একমালিকানা সংগঠন
গ সমবায় সংগঠন ঘ অংশীদারি সংগঠন

১৪. **অংশীদারি ব্যবসায়ের সফলতা কীসের ওপর নির্ভরশীল?**
ক পর্যাপ্ত মূলধন খ পারস্পরিক আস্থা ও বিশ্বাস
গ দক্ষ পরিচালনা ঘ নিবন্ধন

১৫. **ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কী?**
ক পরিবহণ খ বিপণন গ মুনাফা অর্জন ঘ চুক্তি

১৬. **বিমার সামাজিক গুরুত্ব কোনটি?**
ক জাতীয় সম্পদ রক্ষা খ ব্যক্তিগত সম্পদ রক্ষা
গ বিনিয়োগ ও শিল্পায়ন ঘ বৈদেশিক বাণিজ্যের প্রসার

১৭. **ম্যাক্রোস্ক্রিনিং এর প্রভাবকগুলো হলো–**
i. অর্থনৈতিক ও রাজনৈতিক পরিবেশ ii. বাজার চাহিদা iii. জনসংখ্যা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১৮. **নিচের কোনটি মাইক্রোস্ক্রিনিং এর উপাদান?**
ক বাজার চাহিদা খ আইনগত পরিবেশ
গ সাংস্কৃতিক পরিবেশ ঘ রাজনৈতিক পরিবেশ

১৯. **নিচের কোনটি উৎপাদনমুখী শিল্প?**
ক জাহাজ নির্মাণ শিল্প খ বিনোদন শিল্প
গ পর্যটন শিল্প ঘ নির্মাণ শিল্প

২০. **তৈজসপত্র ও পুতুল কোন শিল্পের অন্তর্গত?**
ক বাঁশ ও বেত শিল্প খ হস্ত শিল্প
গ তাঁত শিল্প ঘ মৃৎ শিল্প

২১. **আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক অ্যাডাম স্মিথ খ হেনরি ফেয়ল
গ এফ ডব্লিউ টেলর ঘ লুকা প্যাসিওলি

২২. **ব্যবস্থাপনার সর্বশেষ কাজ কোনটি?**
ক কর্মীসংস্থান খ নির্দেশনা গ প্রেষণা ঘ নিয়ন্ত্রণ

☐ **উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সমীর একটি কোম্পানির মালিক। তিনি কোনো কাজেই কর্মীদের মতামতের মূল্যায়ন করেন না। এমনকি কর্মীদের কাজের ওপর ভরসাও করেন না। তিনি মনে করেন, কর্মীদের কড়াকড়িভাবে নিয়ন্ত্রণ করে কাজ আদায় সম্ভব।

২৩. **জনাব সমীর কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করেন?**
ক গণতান্ত্রিক খ স্বৈরতান্ত্রিক
গ মুক্ত ঘ আমলাতান্ত্রিক

২৪. **উদ্দীপকে জনাব সমীর যে ধরনের নেতৃত্ব অনুসরণ করেন সেখানে নেতা–**
i. কর্মীদের সামর্থ্যের ওপর আস্থা রাখেন না
ii. কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন
iii. কর্মীদের মতামত গ্রহণ করেন না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. **কোনটি পণ্য বা সেবার স্থানগত উপযোগ সৃষ্টি করে?**
ক পরিবহণ খ গুদামজাতকরণ
গ প্রমিতকরণ ঘ পর্যায়িতকরণ

২৬. **ভোক্তার সাথে সরাসরি সংযোগ স্থাপন করে কে?**
ক পরিবহণ খ গুদামজাতকরণ
গ প্রমিতকরণ ঘ পর্যায়িতকরণ

২৭. **কত সালে ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (TMSS) কাজ শুরু করে?**
ক ১৯৫০ সালে খ ১৯৬০ সালে
গ ১৯৭০ সালে ঘ ১৯৮০ সালে

২৮. **শিল্পক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কোনটি প্রতিষ্ঠিত হয়?**
ক বেসিস খ বিটাক গ বেসিক ঘ ইপসিক

২৯. **ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধির জন্য কোনটি অপরিহার্য?**
ক প্রচার-প্রসার চালানো খ ব্যবস্থাপনার দক্ষতা বাড়ানো
গ নৈতিক দায়িত্ব পালন ঘ সামাজিক দায়িত্ব পালন

৩০. **স্কয়ার হাসপাতালের প্রতিষ্ঠাতা কে?**
ক জহুরুল ইসলাম খ আবুল কালাম আজাদ
গ শাহিদা বেগম ঘ স্যামসন এইচ চৌধুরী

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# শাহজালাল জামেয়া ইসলামিয়া স্কুল এন্ড কলেজ, সিলেট

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) বিষয় কোড 1 4 3

**সময় :** ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান :** ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। কুবের মাঝি জেলেদের নিয়ে পদ্মা নদী থেকে ইলিশ মাছ ধরে চাঁদপুর বাজারে বিক্রি করে। বাজারে মাছের প্রচুর চাহিদা থাকায় তিনি মাছ ধরার জাল ও আরেকটি নৌকা কেনার জন্য ঋণ নেওয়ার কথা ভাবছেন।
- ক. ব্যবসায় কী? ১
- খ. উৎপাদনের বাহন কোনটি? ব্যাখ্যা করো। ২
- গ. কুবের মাঝির ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
- ঘ. কুবের মাঝি কোন উৎস থেকে ঋণ নিতে পারবে বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

২। জনাব রনির বাড়িতে ছয় বিঘা জমি নিয়ে একটি বিশাল পুকুর আছে। পুকুরটি অব্যবহৃত অবস্থায় ছিল। তাতে কুচুরিপানা ছিল। রনি পুকুরটি পরিষ্কার করে তাতে মাছ চাষ করেন। এটি পরিচালনা করার জন্য তিনি গ্রামের স্বল্প শিক্ষিত বেকার যুবকদের নিয়োগ করেন।
- ক. ব্যবসায় উদ্যোগ কী? ১
- খ. উদ্যোক্তাকে কর্মসংস্থান সৃষ্টিকারী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব রনিকে কী বলে অভিহিত করা যায়? ব্যাখ্যা করো। ৩
- ঘ. দেশের আর্থসামাজিক উন্নয়নে জনাব রনির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৩। জনাব মাহিন যুব উন্নয়ন অধিদপ্তর থেকে দুগ্ধ খামারের ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি বিদেশি গাভি নিয়ে খামার শুরু করেন। খামার করতে গিয়ে বিভিন্ন প্রতিকূলতার সম্মুখীন হলেও তিনি সেগুলো মোকাবিলা করে আজ স্বাবলম্বী।
- ক. আত্মকর্মসংস্থান কী? ১
- খ. বাংলাদেশে বেকার সমস্যা দিন দিন বাড়ছে কেন? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকের আলোকে জনাব মাহিনের খামার প্রতিষ্ঠা কর্মসংস্থানের ভিত্তিতে কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব মাহিনের দুগ্ধ খামার প্রতিষ্ঠায় স্বাবলম্বী হওয়ার পেছনে প্রশিক্ষণ কেন্দ্রটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৪। বাবার মৃত্যুর পর জনাব হাসানকে তার লেখাপড়ার খরচ ও সংসারের দায়িত্ব নিতে হয়। সংসারের অভাব দূর করতে তিনি অল্প পুঁজি নিয়ে একটি মুদি ব্যবসায় শুরু করেন। তার ব্যবসায়টি ছিল কম ঝুঁকিপূর্ণ অথচ অসীম দায়সম্পন্ন।
- ক. একমালিকানা ব্যবসায় কী? ১
- খ. চুক্তিই অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি– ব্যাখ্যা করো। ২
- গ. জনাব হাসানের ব্যবসায়টি সংগঠনের ভিত্তিতে কোন ধরনের ব্যবসায়? ব্যাখ্যা করো। ৩
- ঘ. "কম ঝুঁকিপূর্ণ ও অসীম দায়সম্পন্ন" কথাটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫। মি. জনি একটি গবেষণামূলক বই প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত। পরবর্তীতে বাজারে বিক্রি আশানুরূপ না হওয়ায় তিনি খোঁজ নিয়ে জেনেছেন বইটির নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কম দামে বাজারে বিক্রি হচ্ছে।
- ক. ফ্রানসাইজিং কী? ১
- খ. মেধাসম্পদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
- গ. মি. জনির কাজটি কীসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
- ঘ. নকল প্রতিরোধে মি. জনির কোন পদক্ষেপ গ্রহণ করা উচিত? বিশ্লেষণ করো। ৪

৬। জনাব হাসান একজন খুচরা ব্যবসায়ী। তিনি চান তার ব্যবসায়কে আরও বড় করতে। সেজন্য তিনি একটি পরিকল্পনা করলেন। পরিকল্পনা অনুসারে কাজ করে তিনি আজ সফল ব্যবসায়ী। লক্ষ্য ঠিক রেখে এ পরিকল্পনা করতে হয়।
- ক. সম আয়-ব্যয় বিন্দু কী? ১
- খ. প্রকল্প ধারণা চিহ্নিতকরণে বিবেচ্য বিষয় কী? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব হাসানের জীবনে সফলতার চাবিকাঠি ব্যবসায় পরিকল্পনা– ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব হাসান ব্যবসায় পরিকল্পনার যে গুরুত্ব বুঝতে পেরেছেন তা আলোচনা করো। ৪

৭। জনাব আফজাল সম্প্রতি তার নিজ জেলায়– নারায়ণগঞ্জে একটি শাড়ি তৈরির কারখানা স্থাপন করেছেন। এর প্রতিস্থাপন ব্যয় ২ কোটি টাকা এবং শ্রমিক সংখ্যা ১৮০ জন।
- ক. সেবা শিল্প কী? ১
- খ. কুটির শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব আফজালের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব আফজালের শিল্পটির বিকাশে করণীয় পদক্ষেপসমূহ বিশ্লেষণ করো। ৪

৮।




- ক. পরিকল্পনা কী? ১
- খ. প্রেষণা দান বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
- গ. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের গুরুত্ব ব্যাখ্যা করো। ৩
- ঘ. "ব্যবস্থাপনার কার্যাবলি একের পর এক আবর্তিত হয়"– বিশ্লেষণ করো। ৪

৯। আলম সাহেব তার বেকারিতে নানা রকম রুটি, বিস্কুট, কেক, চানাচুর, উৎপাদন করে আকর্ষণীয় মোড়কে নিজস্ব ভ্যানে করে বিভিন্ন খুচরা ব্যবসায়ীর কাছে পৌঁছে দেন। পণ্য উৎপাদনে তিনি সবসময় ভোক্তাদের চাহিদার কথা বিবেচনা করে থাকেন।
- ক. বিপণন কী? ১
- খ. ভোক্তা বিশ্লেষণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
- গ. আলম সাহেবের পণ্যের বণ্টন প্রণালির ধরনটি ব্যাখ্যা করো। ৩
- ঘ. "আলম সাহেব একজন দক্ষ ব্যবসায়ী।"– বিশ্লেষণ করো। ৪

১০। লামিয়া আক্তার একজন নারী উদ্যোক্তা। নিজস্ব বিচার বিবেচনা, জমি ও পুঁজি নিয়ে তিনি একটি বস্ত্র কারখানা স্থাপন করেন। বর্তমানে তার কারখানায় উৎপাদিত পণ্য বেশ জনপ্রিয়তা অর্জন করেছে।
- ক. BDBL-এর পূর্ণরূপ কী? ১
- খ. কর অবকাশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
- গ. বাংলাদেশের অর্থনীতিতে লামিয়া আক্তারের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
- ঘ. "লামিয়া আক্তার একজন সফল নারী উদ্যোক্তা"– বিশ্লেষণ করো। ৪

১১। জনাব নোমান একজন মাছ ব্যবসায়ী। তিনি মাছে কোনো রাসায়নিক পদার্থ ব্যবহার করেন না। তিনি সততার সাথে ব্যবসায় করেন। এছাড়াও তিনি কারো কাছ থেকে অর্থ ধার নিলেও সময়মতো ফেরত দিয়ে দেন।
- ক. নৈতিকতা কী? ১
- খ. মূল্যবোধ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব নোমানের ব্যবসায়টি পরিচালনায় কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. "জনাব নোমান সততা ও নিষ্ঠার মাধ্যমে ব্যবসায়ের আস্থা অর্জনে সক্ষম হবেন"– বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৯

# ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 143

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **অর্থনৈতিক কর্মকাণ্ড ও লেনদেনকে ঘিরে কীসের উদ্ভব হয়?**
ⓚ বাণিজ্য ⓚ শিল্প ⓖ সেবা ⓖ ব্যবসায়

২. **ব্যবসায়ের গুরুত্বপূর্ণ দিক কোনটি?**
ⓚ লেনদেনের পৌনঃপুনিকতা ⓚ উপযোগ সৃষ্টি ⓖ নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতা ⓖ ব্যবসায়ের উপকরণ

৩. **ফোর্ড কোন দেশের কোম্পানি?**
ⓚ জাপান ⓚ আমেরিকা ⓖ ভারত ⓖ বাংলাদেশ

৪. **ব্যবসায় উদ্যোগে কোনটি থাকা আবশ্যক?**
ⓚ মুনাফা ⓚ ঝুঁকি ⓖ ক্ষতি ⓖ পণ্য

৫. **সমাজের লোকজনের কর্মসংস্থানের কথা চিন্তা করেন কে?**
ⓚ আত্মকর্মসংস্থানকারী ⓚ ব্যবসায়ী ⓖ বিনিয়োগকারী ⓖ উদ্যোক্তা

৬. **একমালিকানা ব্যবসায়ের মালিক কতজন?**
ⓚ এক ⓚ দুই ⓖ তিন ⓖ চার

৭. **সাধারণভাবে একমালিকানা বলা হয় যখন একজন ব্যক্তির মালিকানায় কোনো ব্যবসায় প্রতিষ্ঠান–**
i. প্রতিষ্ঠিত হয় ii. পরিচালিত হয় iii. নিয়ন্ত্রিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৮. **বাংলাদেশে কোন ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক নয়?**
ⓚ রাষ্ট্রীয় ⓚ অংশীদারি ⓖ কোম্পানি ⓖ সমবায়

৯. **কীসের মাধ্যমে আবিষ্কারককে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত একচেটিয়া মালিকানা দেওয়া হয়?**
ⓚ কপিরাইট ⓚ ট্রেডমার্ক ⓖ পেটেন্ট ⓖ রেজিস্ট্রেশন

১০. **ব্যবসায় উদ্যোগের ঝুঁকি নিরসনে কোনটি প্রয়োজন?**
ⓚ সহায়তা ⓚ অধিক মুনাফা অর্জন ⓖ অধিক প্রতিযোগিতা ⓖ উন্নত পণ্য

১১. **বিপণন যেসব কাজের সমষ্টি–**
i. ক্রয়-বিক্রয় ii. পরিবহণ iii. গুদামজাতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১২. **ব্যবসায় পরিকল্পনাকে কোনটির সাথে তুলনা করা যায়?**
ⓚ রাডার ⓚ রোডম্যাপ ⓖ জাহাজ ⓖ বিমান

১৩. **দালান নির্মাতার নীল নকশার সাথে কোনটি তুলনীয়?**
ⓚ রাডার ⓚ পরিকল্পনা ⓖ সংগঠন ⓖ ব্যবস্থাপনা

১৪. **আমাদের দেশে কুটির শিল্পের প্রসার অনেক। যার কারণে দেশের বিভিন্ন অঞ্চলে কুটির শিল্প কীভাবে পরিচিত?**
ⓚ পণ্যের নামে ⓚ অঞ্চলের নামে ⓖ দেশের নামে ⓖ ব্যক্তির নামে

১৫. **মনিপুর কোন শিল্পের জন্য বিখ্যাত?**
ⓚ ক্ষুদ্র শিল্প ⓚ বৃহদায়তন শিল্প ⓖ কুটির শিল্প ⓖ ঝিনুক শিল্প

১৬. **কুমিল্লার খদ্দর কোন শিল্পের আওতাভুক্ত?**
ⓚ কুটির শিল্প ⓚ ক্ষুদ্র শিল্প ⓖ মাঝারি শিল্প ⓖ বৃহৎ শিল্প

☐ **উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
রত্না একটি বুটিক শপ স্থাপন করলেন। তার কাপড়ের মান ভালো হওয়ায় এবং ক্রেতাদের সাথে তার সুন্দর আচরণের জন্য তার ব্যবসায় স্বল্প সময়ের মধ্যেই সাফল্য লাভ করেছে।

১৭. **রত্না কর্তৃক পরিচালিক শপটি কোন ধরনের ব্যবসায়ের অন্তর্ভুক্ত?**
ⓚ অংশীদারি ব্যবসায় ⓚ একামলিকানা ব্যবসায় ⓖ সমবায় ব্যবসায় ⓖ রাষ্ট্রীয় ব্যবসায়

১৮. **ব্যবসায়ের মালিক হিসেবে রত্নাকে গ্রহণ করতে হবে–**
i. লোকসান ii. দায় iii. ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৯. **ব্যবস্থাপনা বলতে নিচের কোনটিকে বোঝায়?**
ⓚ নিজের কাজ নিজে করা ⓚ অন্যকে কাজ করতে সহায়তা করা ⓖ অন্যকে দিয়ে কাজ করিয়ে নেওয়া ⓖ অন্যের নির্দেশে কাজ করা

২০. **মানবগোষ্ঠীকে সঠিকভাবে পরিচালনা সংক্রান্ত কারণে কীসের উদ্ভব ঘটে?**
ⓚ নির্দেশনার ⓚ ব্যবস্থাপনার ⓖ সংগঠনের ⓖ প্রেষণার

২১. **পণ্য বা সেবা উৎপাদকের কাছ থেকে ভোক্তার কাছে পৌছানোর যাবতীয় কার্যাবলিকে কী বলে?**
ⓚ বিক্রয়িকতা ⓚ বিজ্ঞাপন ⓖ বিক্রয় ⓖ বিপণন

২২. **সমাজকে অনেক কিছু দেওয়ার আছে কার?**
ⓚ ব্যবসায়ীর ⓚ রাজনীতিবিদের ⓖ ছাত্রের ⓖ লাইব্রেরিয়ানের

২৩. **স্কয়ার লিমিটেডের প্রত্যেকটি বিভাগের মধ্যে কার্যকর সম্পর্ক বিদ্যমান। এটি সম্ভব হয়েছে কীসের মাধ্যমে?**
ⓚ পরিকল্পনা ⓚ কর্মসংস্থান ⓖ নির্দেশনা ⓖ সমন্বয়সাধন

☐ **উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জাহানারা একজন শেয়ার ব্যবসায়ী। তিনি কবিতা হাউজের ৫১% শেয়ার ক্রয় করলেন। কবিতা হাউজকে সফলতার শীর্ষে পৌছানোর জন্য তিনি ঋণ সহায়তা গ্রহণ করলেন।

২৪. **জাহানারা কবিতা হাউজের শেয়ার ক্রয় করায় তিনি কী হিসেবে বিবেচিত হবেন?**
ⓚ নারী উদোক্তা ⓚ ব্যবস্থাপক ⓖ মূল উদ্যোক্তা ⓖ পরিচালনা

২৫. **জাহানারাকে সহজ শর্তে অধিকতর প্রতিষ্ঠানিক ঋণ প্রদান করবে কোন সংস্থা?**
ⓚ বিসিক ⓚ বিডিবিএল ⓖ বাণিজ্যিক ব্যাংক ⓖ মাইডাস

২৬. **মানুষের ভাগ্য উন্নয়নে কোনটি সহায়ক হয়?**
ⓚ হতাশা ও পর্যাপ্ত পুঁজি ⓚ শ্রম, মেধা ও পুঁজি ⓖ মানুষের দয়া ও পুঁজি ⓖ সততা ও সরকারি সহায়তা

২৭. **উন্নয়নশীল দেশসমূহের সার্বিক অর্থনেতিক উন্নয়নে নিচের কোনটির ভূমিকা অনস্বীকার্য?**
ⓚ ক্ষুদ্র ও মাঝারি শিল্প ⓚ বৃহদায়তন শিল্প ⓖ মৎস্য শিল্প ⓖ পাট শিল্প

২৮. **শিল্প নীতিতে বিভিন্ন সহায়ক দিক উদ্যোক্তাদের কী ধরনের সহাযতা প্রদান করবে?**
ⓚ ঝুঁকিমূলক ⓚ অনুপ্রেরণামূলক ⓖ সিদ্ধান্ত গ্রহণে ⓖ প্রতিকূল সহায়তা

২৯. **লুৎফা সানজিদা কোন প্রতিষ্ঠান হতে ঋণ নিয়েছিলেন?**
ⓚ ব্র্যাক ব্যাংক ⓚ গ্রামীণ ব্যাংক ⓖ মাইডাস ⓖ আশা

৩০. **সমাজ উপকৃত হয় কীভাবে?**
ⓚ জনহিতকর কাজে ⓚ দেশজ কাজে ⓖ প্রাকৃতিক কাজে ⓖ অন্যায় কাজে

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) বিষয় কোড 1 4 3

**সময় :** ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান :** ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব হাসান একজন পেঁয়াজ ব্যবসায়ী। তিনি উৎপাদন মৌসুমে প্রচুর পরিমাণে পেঁয়াজ ক্রয় করে যথাযথভাবে সংরক্ষণ করেন এবং বিভিন্ন সময়ে চাহিদা মোতাবেক দেশের বিভিন্ন অঞ্চলে পেঁয়াজ সরবরাহ করেন।

ক. সার্বভৌমত্ব কোন পরিবেশের অন্তর্গত? ১
খ. বাণিজ্য কয় ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব হাসানের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. "সংরক্ষণ ব্যবস্থা থাকলে এ ধরনের ব্যবসায়ে সফলতা আসে"– তোমার মতামত দাও। ৪

২। জনাব মানিক একজন শিক্ষিত বেকার যুবক। চাকরি না পেয়ে ব্যাংক থেকে ঋণ নিয়ে ছোট পরিসরে ব্যবসায় শুরু করলেন। প্রথমদিকে তার ব্যবসায় পরিচালনাগত বিভিন্ন সমস্যার কারণে লোকসানের সম্মুখীন হন। পরবর্তীতে প্রশিক্ষণের মাধ্যমে নিজেকে একজন সফল ব্যবসায়ীতে পরিণত করেন।

ক. ব্যবসায় উদ্যোগের ফলাফল কী? ১
খ. ঝুঁকি গ্রহণ ছাড়া সাফল্য অর্জন সম্ভব নয় কেন? ২
গ. জনাব মানিকের মতো নতুন উদ্যোক্তারা ব্যবসায় পরিচালনা করতে গিয়ে সাধারণত কী কী সমস্যার সম্মুখীন হন? ৩
ঘ. "ব্যবসায় প্রতিষ্ঠানকে লাভজনক করার ক্ষেত্রে উদোক্তার ভূমিকাই মুখ্য"– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩। জনাব সালাম যুব উন্নয়ন একাডেমি হতে ফুল চাষ, মৎস্য চাষ, বৃক্ষরোপণ, হাঁস-মুরগি পালন ইত্যাদি বিষয়ের ওপর প্রশিক্ষণ নিয়ে একটি খামার প্রতিষ্ঠা করেন। দিন দিন তার খামারের আয় বৃদ্ধি পাওয়ায় অনেক বেকার লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

ক. ব্যবসায় সাফল্য লাভের পূর্বশর্ত কী? ১
খ. আত্মকর্মসংস্থানের দুটি গুরুত্ব সংক্ষেপে লেখো। ২
গ. জনাব সালামের খামারের আলোকে তুমি কীভাবে একটি খামার গড়ে তুলবে? ৩
ঘ. বেকারত্ব লাঘবে জনাব সালামের খামারের অবদান বিশ্লেষণ করো। ৪

৪। জনাব খালেদ তার পরিবারের বড় সন্তান। বাবার মৃত্যুর পর সংসারের দায়িত্ব এসে পড়ে তার কাঁধে। সংসারের অভাব দূর করতে তিনি অল্প পুঁজি নিয়ে একটি মুদি ব্যবসায় শুরু করেন। তার ব্যবসায় ছিল কম ঝুঁকিপূর্ণ অথচ দায় ছিল অসীম।

ক. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
খ. একমালিকানা ও অংশীদারি ব্যবসায়ের ২টি পার্থক্য লেখো। ২
গ. জনাব খালেদের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'কম ঝুঁকিপূর্ণ ও অসীম দায়সম্পন্ন' কথাটি উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

৫। রহিমা বেগমের স্বামী ভবিষ্যতের কথা ভেবে একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবন্ধ হন। হঠাৎ করে তার স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যান। চুক্তিবন্ধ প্রতিষ্ঠানটি চুক্তি মোতাবেক মনোনীত ব্যক্তিটি রহিমা বেগমকে অর্থ পরিশোধ করেন।

ক. বাংলাদেশের প্রচলিত কপিরাইট আইন কত সালের? ১
খ. কার্যারম্ভের অনুমতিপত্র বলতে কী বোঝায়? ২
গ. রহিমা বেগমের স্বামী কোন ধরনের চুক্তি করেছিলেন? বর্ণনা করো। ৩
ঘ. রহিমা বেগমের মতো অসহায় নারীদের পাশে দাঁড়ানো প্রতিষ্ঠানটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৬। জনাব রহিম দেশের নির্মাণ শিল্পের চাহিদার কথা চিন্তা করে কয়েকজন বন্ধুকে সাথে নিয়ে একটি সিমেন্ট ফ্যাক্টরি স্থাপনের পরিকল্পনা করেন। প্রকল্পের কাজ শুরু করার পূর্বে তারা পুরো কর্মকাণ্ডের দীর্ঘমেয়াদি একটি ছক প্রণয়ন করেন। প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য যথেষ্ট মূলধন নিজেদের না থাকায় মূলধন সংগ্রহের বিকল্প উৎসও নির্ধারণ করেন।

ক. পণ্যের বাজার চাহিদা জানার উপায় কী? ১
খ. পরিকল্পনা কীভাবে ব্যবসায়ীকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে? ২
গ. জনাব রহিমের প্রকল্প বাস্তবায়নে কোন ধরনের মূলধন প্রয়োজন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব রহিম ও তার বন্ধুরা প্রকল্প প্রণয়নে যথার্থ পথ অনুসরণ করেছেন– মতামত দাও। ৪

৭। জনাব সজল ও তার তিন বন্ধু মিলে একটি ব্যাংক থেকে ২ কোটি টাকা ঋণ নিয়ে একটি গার্মেন্টস স্থাপন করেন। সেখানে তারা বেশ কিছু দক্ষ শ্রমিক নিয়োগ দেন। অল্প কিছু দিনের মধ্যে তারা সকলের কাছে সফল উদ্যোক্তা হিসেবে পরিচিতি পেলেন।

ক. সার শিল্প কোন ধরনের শিল্প? ১
খ. বৃহৎ শিল্প কাকে বলে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের কারখানাটি কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের জনাব সজল ও তার বন্ধুরা কোন সুবিধাটির জন্য সফল উদ্যোক্তা হতে পেরেছিলেন? তোমার মতামত দাও। ৪

৮। জনাব রাহাত একটি কোম্পানিতে ম্যানেজার হিসেবে কর্মরত আছেন। তিনি তার দক্ষতা ও কৌশলের মাধ্যমে তার কোম্পানির সাথে সংশ্লিষ্ট সকলের সামর্থ্যকে কাজে লাগিয়ে নির্দিষ্ট লক্ষ অর্জনে সমর্থ হন। তাকে মানবিক ও অন্যান্য উপাদানকে দক্ষতার সাথে পরিচালনার মাধ্যমে লক্ষ্য অর্জনের জন্য অনেকগুলো কাজ করতে হয়।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. ব্যবস্থাপনার দুটি বৈশিষ্ট্য লেখো। ২
গ. জনাব রাহাতকে লক্ষ্য অর্জনের জন্য যেসব কার্য সম্পাদন করতে হয় তা বর্ণনা করো। ৩
ঘ. "সঠিক পরিকল্পনা কোনো প্রতিষ্ঠানকে লক্ষ্য অর্জনে সহায়তা করে।" উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৯। উৎপাদক → ক → খ → ভোক্তা

ক. বিক্রয়িকতা কী? ১
খ. প্রমিতকরণ বলতে কী বোঝায়? ২
গ. বণ্টন প্রণালিতে 'ক' চিহ্নিত ব্যবসায়ীর অবস্থান বর্ণনা করো? ৩
ঘ. 'উদ্দীপকে বর্ণিত 'খ' চিহ্নিত ব্যবসায়ীরাই বৃহদায়তন উৎপাদনে সহযোগিতা করে থাকে'– মতামত দাও। ৪

১০। আয়শা বেগম একজন গ্রামীণ বিত্তহীন গৃহিণী। তার অবস্থা পরিবর্তনের জন্য তিনি ক্ষুদ্র ঋণ গ্রহণে উদ্বুদ্ধ হয়ে একটি বেসরকারি সংস্থা হতে ঋণ নিয়ে তার দারিদ্র্য নিরসনে সক্ষম হন।

ক. MIDAS এর পূর্ণরূপ কী? ১
খ. বিটাক-এর উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
গ. আয়শা বেগম কোন প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. আয়েশা বেগমের মতো মহিলাদের দারিদ্র্য বিমোচন ও ক্ষমতায়নে উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন করো। ৪

১১।




ক. ইথস কী? ১
খ. ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. শিল্পায়ন কীভাবে পরিবেশ দূষণ করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. পরিবেশ দূষণ রক্ষায় আমাদের কী কী করণীয়? বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ১০

# বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 143

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. পণ্য বা সেবার বণ্টনকারী শাখা কোনটি?**
ⓚ প্রত্যক্ষ সেবা ⓚ বাণিজ্য
ⓖ পরিবহণ ⓘ বিজ্ঞাপন

**২. ব্যবসায় সময়গত বাধা দূর করে কোনটি?**
ⓚ গুদামজাতকরণ ⓚ বিমা
ⓖ ব্যাংকিং ⓘ বিজ্ঞাপন

**৩. ব্যবসায়ের ফলে বাড়ে–**
i. সঞ্চয় ii. মূলধন iii. জাতীয় আয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**৪. আমেরিকার ফোর্ড কোম্পানির প্রতিষ্ঠাতা কে?**
ⓚ লর্ড ব্যাডেন ⓚ লর্ড পাওয়েল
ⓖ হেনরি ফোর্ড ⓘ টমাস

**৫. ব্যবসায় উদ্যোগের জন্য প্রয়োজন–**
i. অর্থ বিনিয়োগ ii. শ্রম বিনিয়োগ iii. মুনাফার নিশ্চয়তা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৬. কোনটি ব্যবসায়ের সাফল্যকে প্রভাবিত করে?**
ⓚ রাজনৈতিক অবস্থা ⓚ অর্থনৈতিক অবস্থা
ⓖ সামাজিক অবস্থা ⓘ জনসংখ্যা

☐ **উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সুমী গরিব পরিবারের মেয়ে। এইচএসসি পাস করার পর কিছুদিন প্রশিক্ষণ গ্রহণ করে তার নিজ এলাকায় একটি বিউটি পার্লার স্থাপন করেন। বর্তমানে তাদের পরিবারে সচ্ছলতা ফিরে এসেছে।

**৭. সুমীর কাজটি কোন ধরনের?**
ⓚ কুটির শিল্প ⓚ আত্মকর্মসংস্থান
ⓖ শখের কাজ ⓘ বিনোদন শিল্প

**৮. সুমীর সফলতার কারণ–**
i. দূরদর্শিতা ii. দরিদ্রতা iii. দক্ষতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৯. কোন কোম্পানি শেয়ার ও ঋণপত্র বিক্রি করতে পারে?**
ⓚ সরকারি ⓚ প্রাইভেট
ⓖ পাবলিক লিমিটেড ⓘ অনিবন্ধিত

**১০. পাবলিক লিমিটেড কোম্পানির বাধ্যতামূলকভাবে কতজন পরিচালক থাকতে হবে?**
ⓚ ৩ জন ⓚ ৪ জন ⓖ ৬ জন ⓘ ৭ জন

**১১. বুদ্ধিবৃত্তিক সম্পদ হলো–**
i. কপিরাইট ii. পেটেন্ট iii. ট্রেডমার্ক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১২. ব্যবসায় পরিকল্পনায় তুলে ধরা হয়–**
i. ব্যবসায়ের প্রকৃতি ii. ব্যবস্থাপনার ধারা
iii. ব্যবসায়ের অতীত অবস্থা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৩. প্রাকৃতিক পরিবেশ শিল্পের কোনটি যোগান দেয়?**
ⓚ মূলধন ⓚ কাঁচামাল
ⓖ ভোক্তা ⓘ যন্ত্রপাতি

**১৪. গ্লাস ও সিরামিক সামগ্রী কোন শিল্পের অন্তর্গত?**
ⓚ বৃহৎ ⓚ কুটির
ⓖ অতিক্ষুদ্র ⓘ ক্ষুদ্র ও মাঝারি

**১৫. হিমাগার কোন শিল্পের আওতায় পড়ে?**
ⓚ কুটির ⓚ অতি ক্ষুদ্র ⓖ ক্ষুদ্র ও মাঝারি ⓘ বৃহৎ

**১৬. মানবসভ্যতার শুরুতে ব্যবস্থাপনা ছিল–**
i. পরিবারভিত্তিক ii. দলভিত্তিক iii. ব্যক্তিগত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**১৭. কর্মীদের মধ্যে দায়িত্ব ও দক্ষতা বণ্টনকে কী বলা হয়?**
ⓚ সমন্বয়সাধন ⓚ সংগঠিত করা
ⓖ কর্মীসংস্থান ⓘ নির্দেশনা দান

**১৮. সাধারণত কোনটির ক্ষেত্রে গুদামজাতকরণ করা হয়?**
ⓚ কাপড় ⓚ তরল দুধ
ⓖ মাংস ⓘ কৃষি পণ্য

**১৯. কোনটির অভাবে ব্যবসায়ের ঝুঁকি বেড়ে যায়?**
ⓚ মোড়ককিকরণ ⓚ ভোক্তা বিশ্লেষণ
ⓖ তথ্য সংগ্রহ ⓘ পরিবহণ

**২০. মূলধন সরবরাহ কোন ধরনের সহায়ক সেবার অন্তর্গত?**
ⓚ উদ্দীপনামূলক ⓚ সমর্থনমূলক
ⓖ সংরক্ষণমূলক ⓘ প্রচারমূলক

**২১. ব্যবসায়িক নৈতিকতার অপর নাম কী?**
ⓚ নৈতিক শক্তি ⓚ নৈতিক মূল্যবোধ
ⓖ সততাবোধ ⓘ নৈতিক কর্ম

**২২. সততা বজায় রাখাকে কী বলে?**
ⓚ ব্যবসায় রীতি ⓚ সামাজিক আইন
ⓖ ব্যবসায় নৈতিকতা ⓘ ব্যবসায়িক

**২৩. ব্যবসায়ের নৈতিকতার মধ্যে পড়ে–**
i. পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি ii. জনকল্যাণে অবদান রাখা
iii. শিল্প আইন মেনে চলা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২৪. কোন ধরনের দায়বদ্ধতা থেকে জহুরুল ইসলাম স্কুল প্রতিষ্ঠা করেন?**
ⓚ সামাজিক ⓚ রাষ্ট্রীয়
ⓖ ব্যক্তিগত ⓘ পারিবারিক

**২৫. নাভানা লি. এর প্রতিষ্ঠাতা কে?**
ⓚ আলতাফ আহমেদ ⓚ স্যামসন এইচ চৌধুরী
ⓖ জহুরুল ইসলাম ⓘ আজাদ হক

**২৬. বাংলাদেশের অন্যতম সফল উদ্যোক্তা কে?**
ⓚ আজাদ কালাম ⓚ নায়েব আলী
ⓖ জহুরুল ইসলাম ⓘ শাহিদা বেগম

**২৭. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ অবদান রাখেন কোন উদ্যোক্তা?**
ⓚ আবুল কালাম আজাদ ⓚ স্যামসন এইচ চৌধুরী
ⓖ জহুরুল ইসলাম ⓘ হারুন অর রশিদ

**২৮. দেশের মোট শ্রমশক্তির কত অংশ যুবক?**
ⓚ ১/২ ⓚ ১/৩ ⓖ ১/৪ ⓘ ১/৫

**২৯. বাংলাদেশের অর্থনীতিতে শিল্প খাতের অবদান শতকরা কত ভাগ?**
ⓚ ২০% ⓚ ৩০% ⓖ ৪০% ⓘ ৫০%

**৩০. অবকাঠামোগত সুবিধার প্রতি লক্ষ রাখার প্রয়োজন কোনটি নির্বাচনে?**
ⓚ পণ্যের বাজার চাহিদা ⓚ স্থান নির্বাচন
ⓖ কর্মী নির্বাচন ⓘ সঠিক পণ্য নির্বাচন

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল জিলা স্কুল

## ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল)

বিষয় কোড 1 4 3

**সময় :** ২ ঘণ্টা ৩০ মিনিট

**পূর্ণমান :** ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। খুলনার তেঁতুলিয়া গ্রামের জনাব রাফিদ তার এলাকায় দেশি মুরগির খামার গড়ে তোলেন। মুরগি ও ডিম বিক্রি করে তিনি সফলতার মুখ দেখেন। বর্তমানে তিনি খামারটি সম্প্রসারণ করতে চান। খুলনা-তেঁতুলিয়ার মধ্যবর্তী ভৈরব নদীতে একটি সংযোগ সেতু না থাকার কারণে তিনি বৃহত্তর পরিসরে তার পণ্য বিক্রি করতে পারছেন না।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. পণ্যের বণ্টনকারী শাখা কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রাফিদের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রাফিদের ব্যবসায় সম্প্রসারণ করতে না পারার কারণ বিশ্লেষণ করো। ৪

২। ঢাকার বসুন্ধরা সিটির জোনাকি ফ্যাশন হাউজের মালিক জোনাকি হাসান একজন সফল উদ্যোক্তা। মোবাইল ফোনের ব্যাপক চাহিদা ও লাভ দেখে তিনি সেই ব্যবসায় শুরু করেন। পরিবারের সদস্যরা তাকে সতর্ক করলেন যে, এ বিষয়ে তার কোনো জ্ঞান নেই। তাই এটি ঝুঁকিপূর্ণ। তিনি কারও কথা শুনলেন না। তার ব্যবসায়টিতে লোকসান হলো।

ক. ম্যাটসুসিটা কোম্পানির প্রতিষ্ঠাতা কে? ১

খ. ব্যবসায় উদ্যোক্তা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. জোনাকী হাসানের ব্যর্থতার প্রধান কারণ কী বলে তুমি মনে করো? ৩

ঘ. জোনাকী হাসানের ব্যবসায়ের লাভবান হওয়ার জন্য কী কী পদক্ষেপ নেওয়া যায় বলে তুমি মনে করো? ৪

৩। জনাব সাদ তার এক বন্ধুর কাছ থেকে কিছু পুঁজি নিয়ে জীবিকা অর্জনের উদ্দেশ্যে তার বাড়ির পাশে পুকুরে মাছ চাষ করেন। জেলা সদরের পাকা রাস্তা তার পুকুরের পাশ দিয়ে যাওয়াতে তার পুকুরের মাছ তাজা তাজাই শহরের বাজারে পৌঁছানো যায় এবং তিনি বেশ ভালো দামও পাচ্ছেন। ফলে অল্প সময়ের মধ্যে তিনি স্বাবলম্বী হয়ে ওঠেন।

ক. সফল উদ্যোক্তার একটি বড়ো বৈশিষ্ট্য কী? ১

খ. বাংলাদেশে বেকার সমস্যা দিন দিন বেড়ে যাচ্ছে কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব সাদের জীবিকা অর্জনের উপায়টি কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব সাদের মাছ চাষ করে স্বাবলম্বী হওয়ার প্রধান কারণটি বিশ্লেষণ করো। ৪

৪। সান, মুন ও স্টার তিনজন মিলে একটি কাপড়ের ব্যবসায় শুরু করল। তারা এ সংক্রান্ত বিষয়ে একটি চুক্তিপত্রের খসড়া তৈরি করে প্রত্যেকে সমান মূলধন ও সমান মুনাফা পাবে বলে সিদ্ধান্ত নেয়।

ক. ব্যবসায় সংগঠন কত প্রকার? ১

খ. অংশীদারি ব্যবসায়ের ২টি বৈশিষ্ট্য লেখো। ২

গ. "চুক্তিই অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি"– ব্যাখ্যা করো। ৩

ঘ. "অংশীদারি ব্যবসায়ের চেয়ে একমালিকানা ব্যবসায় উত্তম"–তোমার মতামত দাও। ৪

৫। নিম্নবিত্ত পরিবারের বড়ো সন্তান রফিক যখন এসএসসি পাস করে সে সময় হঠাৎ তার বাবা মারা যায়। ফলে সংসারের দায়িত্ব তার ওপর এসে পড়ে। ফলশ্রুতিতে রফিক কিছু টাকা ধার করে মানিকগঞ্জ বাস স্ট্যান্ডের কাছে ছোটো একটি চায়ের দোকান খুলে কর্মজীবন শুরু করেন।

ক. একমালিকানা ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. একমালিকানা ব্যবসায় ও অংশীদারি ব্যবসায়ের ১টি পার্থক্য ব্যাখ্যা করো। ২

গ. রফিকের ব্যবসায়টির স্থায়িত্ব কেমন হবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সাংগঠনিক ধরন বিবেচনায় রফিকের ব্যবসায়টি কম ঝুঁকিপূর্ণ অথচ অসীম দায়সম্পন্ন'–তোমার মতামত দাও। ৪

৬। জনাব তাহসান দীর্ঘদিন গবেষণা করে এক ধরনের নতুন ধানের বীজ উদ্ভাবন করেন। এই বীজ থেকে অনেক কম সময়ে ধান উৎপন্ন হয়। কিন্তু একটি অসাধু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান জনাব তাহসানের উদ্ভাবিত বীজের অনুরূপ ধানের বীজ নকল করে বাজারজাত করছে। যথাযথ প্রমাণের অভাবে জনাব তাহসান উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনো আইনগত ব্যবস্থা নিতে পারেননি।

ক. বিএসটিআই কোন মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা? ১

খ. ট্রেডমার্ক বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. জনাব তাহসানের নতুন ধানের বীজ আবিষ্কার কোন সম্পদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত উদ্ভূত পরিস্থিতিতে জনাব তাহসান কর্তৃক আইনগত ব্যবস্থা নিতে ব্যর্থতার কারণ বিশ্লেষণ করো। ৪

৭। আশিক ১২ কোটি টাকা ব্যয়ে পাটচাষের জন্য বিখ্যাত ঢাকা বিভাগের ময়মনসিংহ জেলার ফুলপুর গ্রামে একটি পাট ও পাটজাত শিল্প স্থাপন করেন। তার বন্ধু রাফি সমপরিমাণ বিনিয়োগ করে একই ধরনের শিল্প স্থাপন করলেন রাজশাহী অঞ্চলে, যেখানে আখ চাষ বেশি হয়। নির্দিষ্ট সময় পর আশিকের শিল্প প্রতিষ্ঠানটি রাফির প্রতিষ্ঠানের চেয়ে বেশি মুনাফা করে।

ক. ব্যাপক অর্থে শিল্পকে কয় ভাগে ভাগ করা হয়েছে? ১

খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. বিনিয়োগের মাপকাঠিতে আশিকের ব্যবসায়টি কোন ধরনের বর্ণনা করো। ৩

ঘ. রাফির শিল্প প্রতিষ্ঠানটিতে অধিক মুনাফা না হওয়ার কারণ কী বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৮। আমিন গার্মেন্টস-এর মালিক জনাব রুহুল আমিন তার অধস্তনদের চাপের মুখে রাখেন। তিনি প্রতিষ্ঠানের কর্মীদের সঙ্গে আলোচনা না করে উৎপাদন বৃদ্ধির সিদ্ধান্ত নিয়ে শ্রমিকদের ওভারটাইম কাজ করতে বাধ্য করেন। পরবর্তীতে প্রতিষ্ঠান ক্ষতির সম্মুখীন হলে তিনি শ্রমিকদের দায়ী করেন। ফলে শ্রমিকদের মধ্যে অসন্তোষ বৃদ্ধি পেতে থাকে। এখন তিনি ব্যবস্থাপনায় কিছু কৌশল পরিবর্তনের কথা ভাবছেন।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. প্রেষণা দান বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. আমিন গার্মেন্টস-এ কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? বর্ণনা করো। ৩

ঘ. আমিন গার্মেন্টস-এর উন্নয়নে তুমি কোন ধরনের নেতৃত্ব সুপারিশ করবে? ব্যাখ্যা করো। ৪

৯। তাহমিদ ত্বাহা একজন বিপণন ব্যবস্থাপক। তিনি কেয়া সাবানের তুলনায় লাক্স সাবানের জনপ্রিয়তার কারণ জানতে বাজার জরিপ চালালেন। তরুণ ক্রেতারা জানায় যে, সাবানের রং, গন্ধ, মোড়ক এবং জনপ্রিয় মডেল দ্বারা উপস্থাপিত বিজ্ঞাপন তাদের প্রভাবিত করে।

ক. ব্যবসায়ের একটি বড় সম্পদ কী? ১

খ. প্রমিতকরণ বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. কেয়া সাবানের চাহিদা সৃষ্টি ও বিক্রি বাড়ানোর জন্য তাহমিদ ত্বাহার কোন ধরনের পদক্ষেপ নেওয়া উচিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. পণ্যের বিক্রি বৃদ্ধিতে বিক্রয়িকতার ভূমিকা মূল্যায়ন করো। ৪

১০। ব্যবসায় স্থাপন ও পরিচালনাসংক্রান্ত জটিলতা ও ঝুঁকির কথা চিন্তা করে জনাব মেহরাজ এ কাজে এগিয়ে আসতে চাননি। কিন্তু বিভিন্ন গণমাধ্যমে এ সংক্রান্ত সরকারি ও বেসরকারি সহায়তার কথা শুনে তিনি ঢাকার অদূরে সাভারে একটি গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপন করেন। কঠোর পরিশ্রম ও আন্তরিকতার সাথে কাজ করে অল্পদিনেই তিনি সফলতা লাভ করেন। সম্প্রতি প্রতিযোগী অন্যান্য প্রতিষ্ঠানে উন্নতমানের যন্ত্রপাতি ব্যবহারের ফলে তার পক্ষে প্রতিযোগিতায় টিকে থাকা দুরূহ হয়ে পড়েছে।

ক. NGO-এর পূর্ণরূপ কী? ১

খ. বিসিক-এর প্রধান কাজটি কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মেহরাজ গার্মেন্টস ফ্যাক্টরি স্থাপনে আগ্রহী হলেন কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমান পরিস্থিতিতে জনাব মেহরাজের সহায়তার প্রয়োজন আছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১। জনাব জহুরুল ইসলাম একজন শিল্প উদ্যোক্তা। তিনি ছিলেন অধ্যবসায়ী, দূরদৃষ্টি সম্পন্ন, নিষ্ঠাবান ও আত্মবিশ্বাসী। তিনি কর্মসংস্থানের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন।

ক. ইস্টার্ন হাউজিং কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝ? ২

গ. জনাব জহুরুল ইসলাম একজন সমাজ সংস্কারক, সফল সংগঠক, ব্যবস্থাপকের মডেল– ব্যাখ্যা করো। ৩

ঘ. শিল্পোদ্যোক্তা হিসেবে জনাব জহুরুল ইসলামের অবদান মূল্যায়ন করো। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০২ : ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০৩ : আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০৪ : আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৫ : আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৬ : ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, পার্বতীপুর, দিনাজপুর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৭ : ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০৮ : নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | খ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | * | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৯ : ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-১০ : বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | খ |